

যুক্তরাষ্ট্রে ওপিটি জালিয়াতির তদন্ত, নজরদারিতে ১০ হাজার বিদেশি শিক্ষার্থী

বাংলা পত্রিকা রিপোর্ট: মার্কিন যুক্তরাষ্ট্রে এফ-১ (F-1) ভিসায় পড়ুয়া আন্তর্জাতিক শিক্ষার্থীদের একটি বিশেষ সুবিধা হলো অপশনাল প্র্যাক্টিক্যাল ট্রেনিং (ওপিটি) কর্মসূচি। ৮-এর পৃষ্ঠায় দেখুন

বিশ্বকাপজুড়ে মাঠে থাকবে আইস

বাংলা পত্রিকা রিপোর্ট: আসন্ন ফিফা বিশ্বকাপ চলাকালে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) মাঠে সক্রিয় থাকবে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)। তবে কর্মকর্তারা বলছেন, তাদের মূল লক্ষ্য হবে মানবপাচার, মাদক চোরাচালান এবং নকল পণ্য ও জাল টিকিট বিক্রির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া।

শুক্রবার এক ভিডিও বার্তায় ডিএইচএস সেক্রেটারী মার্কওয়েইন মুলিন জানান, আইস এবং হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশনসের কর্মকর্তারা ম্যাচ ভেন্যুগুলোর আশপাশে কাজ করবেন। তিনি বলেন, ৮-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 35 / May 25, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ৩৫ ‖ সোমবার, মে ২৫, ২০২৬, জ্যৈষ্ঠ ১১, ১৪৩৩ ‖ জিলহজ ০৭, ১৪৪৭

কঠোর নীতির গ্যাড়াকলে বৈধ অভিবাসন!

অনিশ্চয়তা আর উৎকণ্ঠা অভিবাসীদের

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অনথিভুক্ত ও অবৈধ অভিবাসন নীতি কঠোরতার সাথে এবার বৈধ অভিবাসন ব্যবস্থায় বড় ধরনের পরিবর্তনের পথে এগোচ্ছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসন। বিভিন্ন দেশের নাগরিকদের অভিবাসন আবেদন ছগিত নতুন নীতিমালায় গ্রিন কার্ড আবেদন প্রক্রিয়া কঠোর করার পাশাপাশি বিদেশি নাগরিকদের প্রবেশ ও স্থায়ীভাবে বসবাসের সুযোগ সীমিত করার উদ্যোগ নেওয়া হয়েছে। বিশ্লেষকদের মতে, এই সিদ্ধান্ত লক্ষাধিক অভিবাসী, পরিবার এবং কর্মক্ষেত্রে দীর্ঘমেয়াদি প্রভাব ফেলতে পারে।



অবৈধ অভিবাসন দমনে দীর্ঘ সময় জোর দেওয়ার পর এবার বৈধ অভিবাসন ব্যবস্থাকেও আরও কঠোর করার পদক্ষেপ নিয়েছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসন। সাম্প্রতিক একাধিক নীতিগত পরিবর্তন ইঙ্গিত দিচ্ছে, বিদেশ থেকে যুক্তরাষ্ট্রে প্রবেশ এবং দেশটির ভেতরে অবস্থানরত বহু মানুষের স্থায়ীভাবে থাকার সুযোগ আগের তুলনায় আরও জটিল হয়ে উঠতে পারে।

এই অবস্থানের অংশ হিসেবে সম্প্রতি ইউএস সিটিজেনশীপ এন্ড ইমিগ্রেশন সার্ভিস (ইউএসসিআইএস) নতুন নির্দেশনা প্রকাশ করেছে। এতে বলা হয়েছে, অধিকাংশ গ্রিন কার্ড আবেদনকারীকে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে যুক্তরাষ্ট্র ছেড়ে নিজ দেশে ফিরে যেতে হবে। তারা নিজ দেশের মার্কিন দূতাবাস বা কনস্যুলেটের মাধ্যমে আবেদন প্রক্রিয়া শেষ করবেন ৮-এর পৃষ্ঠায় দেখুন

ট্রাম্প প্রশাসনের অভিবাসন অভিযান নীতি

যুক্তরাষ্ট্রে ১০ বছরে ৪৭৯ বিলিয়ন ডলার কর রাজস্ব ক্ষতির ঝুঁকি

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতি এবং অভিবাসন অভিযান শুধু সামাজিক বা রাজনৈতিক অঙ্গনেই নয়, অর্থনীতিতেও বড় ধরনের প্রভাব ফেলতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন কর ও অভিবাসন বিশেষজ্ঞরা। তাদের মতে, অবৈধভাবে বসবাসকারী অভিবাসীদের মধ্যে বাড়তে থাকা ভয়, অনিশ্চয়তা এবং সরকারি নজরদারির আশঙ্কার কারণে কর দাখিলের হার উল্লেখযোগ্যভাবে কমতে পারে। এর ফলে আগামী ১০ বছরে যুক্তরাষ্ট্রের সম্ভাব্য কর রাজস্ব ক্ষতি ১৪৭ বিলিয়ন থেকে ৪৭৯ বিলিয়ন ডলার পর্যন্ত হতে পারে।



কর বিশেষজ্ঞদের মতে, সাম্প্রতিক বিভিন্ন নীতিগত পরিবর্তন অভিবাসীদের মধ্যে উদ্বেগ আরও বাড়িয়ে দিয়েছে। বিশেষ করে কর বিভাগের তথ্য অভিবাসন কর্তৃপক্ষের সঙ্গে ভাগাভাগি করার প্রস্তাব এবং অভিবাসন ও শুল্ক প্রয়োগকারী সংস্থার ৮-এর পৃষ্ঠায় দেখুন

মিনেসোটায় ৯০ মিলিয়ন ডলার মেডিকেইড জালিয়াতি, অভিযুক্ত ১৫

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্রের মিনেসোটায় স্বাস্থ্যসেবা খাতে বড় ধরনের জালিয়াতির অভিযোগে ১৫ জনের বিরুদ্ধে ফৌজদারি অভিযোগ দায়ের করেছে ডিপার্টমেন্ট অব জাস্টিস। অভিযুক্তদের মধ্যে শিশু যত্নকেন্দ্রের মালিক, মেডিকেইড সেবা প্রদানকারী এবং স্বাস্থ্যসেবা খাতের সঙ্গে জড়িত বিভিন্ন ব্যক্তি রয়েছেন। তদন্তকারীদের দাবি, বিভিন্ন প্রতারণামূলক কার্যক্রমের মাধ্যমে ৯ কোটি ডলারেরও বেশি অর্থ আত্মসাতের চেষ্টা করা হয়েছে।



ডিপার্টমেন্ট অব জাস্টিস প্রকাশিত বিবৃতিতে জানিয়েছে, এটি মিনেসোটার ইতিহাসে সবচেয়ে বড় স্বাস্থ্যসেবা জালিয়াতি অভিযানের অন্যতম। একই সঙ্গে সারা দেশে মেডিকেইড জালিয়াতির বিরুদ্ধে অভিযান আরও জোরদার করতে স্বাস্থ্যসেবা জালিয়াতি ইউনিট সম্প্রসারণের ৮-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে ৫০ ডলারে বিশ্বকাপ টিকিট লটারি

আবেদন শুরু সোমবার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের ফুটবলপ্রেমীদের জন্য আসন্ন ফিফা বিশ্বকাপ উপলক্ষে মাত্র ৫০ ডলারে টিকিট পাওয়ার সুযোগ দিচ্ছে সিটি প্রশাসন। বিশেষ লটারির মাধ্যমে নির্বাচিত ১ হাজার ব্যক্তি কম মূল্যে ম্যাচ দেখার সুযোগ পাবেন।

ফিফা বিশ্বকাপ শুরু হতে আর তিন সপ্তাহেরও কম সময় বাকি। এরই মধ্যে নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি ঘোষণা দিয়েছেন, সোমবার সকাল ১০টা থেকে বিশেষ টিকিট লটারি কার্যক্রম শুরু হবে। এই কার্যক্রম টানা ছয় দিন চলবে।

লটারির মাধ্যমে ৮-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রে ৮২ জন ইমিগ্রেশন বিচারক নিয়োগ

বাংলা পত্রিকা রিপোর্ট: অভিবাসন আদালতের দীর্ঘমেয়াদি মামলার জট কমাতে যুক্তরাষ্ট্রে ইতিহাসের সবচেয়ে বড় পরিসরে নতুন বিচারক নিয়োগ দিয়েছে প্রশাসন। নতুন করে ৭৭ জন স্থায়ী এবং ৫ জন অস্থায়ী ইমিগ্রেশন বিচারক শপথ গ্রহণ করেছেন।



যুক্তরাষ্ট্রের অভিবাসন আদালত ব্যবস্থার চাপ কমাতে এক্সিকিউটিভ অফিস ফর ইমিগ্রেশন রিভিউ এক ঘোষণায় জানিয়েছে, ৭৭ জন স্থায়ী এবং ৫ জন অস্থায়ী ইমিগ্রেশন বিচারককে আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করানো হয়েছে। এটিকে সংস্থাটির ইতিহাসে সবচেয়ে বড় বিচারক নিয়োগ ব্যাচ হিসেবে উল্লেখ করা হয়েছে।

সম্প্রতি ওয়াশিংটনে বিচার বিভাগ ভবনে অনুষ্ঠিত অনুষ্ঠানে ভারপ্রাপ্ত অ্যাটর্নি জেনারেল টড ব্লাঞ্চ এবং ইওআইআরের পরিচালক ড্যারেন কে. মার্গোলিন বক্তব্য দেন। শপথ পাঠ করান প্রধান অভিবাসন বিচারক টেরেসা এল. রাইলি।

কর্মকর্তারা জানান, নতুন এই নিয়োগের মাধ্যমে যুক্তরাষ্ট্রে ৭-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে পৃথকঅগ্নিকাণ্ডে নিহত ৩, আহত ১০

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির বিভিন্ন এলাকায় পৃথক অগ্নিকাণ্ডে অন্তত তিনজন নিহত এবং ১০ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে কয়েকজন দমকলকর্মীও রয়েছেন বলে জানিয়েছে ফায়ার ডিপার্টমেন্ট অব নিউইয়র্ক (এফডিএনওয়াই)। শনিবার মধ্যরাতে এসব অগ্নিকান্ডের ঘটনা ঘটে

প্রথম অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে ব্রঙ্কসে। স্থানীয় সময় রাত প্রায় ১টা ৩০ মিনিটে ওয়েস্ট ট্রেমন্ট অ্যাভিনিউয়ের একটি ছয়তলা আবাসিক ভবনে আগুন লাগে। ঘটনাস্থল থেকে একজনকে মৃত অবস্থায় উদ্ধার করা হয় ৮-এর পৃষ্ঠায় দেখুন

এআইয়ের প্রভাবে

হাজারো নিউইয়র্কার চাকরি ঝুঁকিতে

বাংলা পত্রিকা রিপোর্ট: কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নিউইয়র্ক সিটির শ্রমবাজারে বড় ধরনের প্রভাব ফেলতে পারে এবং ভবিষ্যতে হাজার হাজার চাকরি হারানোর ঝুঁকি তৈরি হতে পারে বলে সতর্ক করেছেন সিটি কম্পট্রোলার মার্ক লেভিন।

বৃহস্পতিবার প্রকাশিত এক নতুন প্রতিবেদনে তিনি জানান, এআই প্রযুক্তির দ্রুত বিস্তার নিউইয়র্কের অর্থনীতি ও কর্মসংস্থানে বড় পরিবর্তন আনতে পারে। তার মতে, শহরটি এই পরিবর্তনের জন্য পর্যাপ্ত প্রস্তুতি নিচ্ছে না।

মার্ক লেভিন বলেন, "অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ৮-এর পৃষ্ঠায় দেখুন

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreal Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

অভিযোগ গঠনের শুনানি ১ জুন

রামিসা ধর্ষণ ও হত্যা মামলায় চার্জশিট

বিকৃত যৌনাচার ও নৃশংসতার লোমহর্ষক চিত্র চার্জশিটে

আসামিপক্ষে রাষ্ট্রীয় খরচে আইনজীবী নিয়োগ



বাংলা পত্রিকা ডেস্ক ঃ রাজধানীর মিরপুরের পল্লবীতে ৮ বছরের শিশু রামিসাকে ধর্ষণের পর গলা কেটে হত্যার ঘটনায় করা মামলার চার্জশিট (অভিযোগপত্র) আদালতে জমা দিয়েছে তদন্ত কর্মকর্তা। হত্যার ৫ দিনের মাথায় ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে চার্জশিট জমা দিল পুলিশ। চার্জশিটে রামিসার ওপর চালানো যৌন হিংস্রতা ও নৃশংসভাবে হত্যার লোমহর্ষক চিত্র ফুটে উঠেছে। শ্বাসরোধে হত্যার আগে সোহেল স্কুল ছাত্রী রামিসার ছোট্ট দেহের ওপর বিকৃত যৌন হিংস্রতা চালায়। সোহেল শুধু রামিসার গলা দেহ থেকে আলাদা করেই ক্ষান্ত হয়নি, দুই হাত ওপর থেকে প্রায় বিচ্ছিন্ন করে ফেলা হয়েছে। চার্জশিটে ছোট্ট অবুঝ শিশুটির যৌনাঙ্গসহ শরীরের বিভিন্ন স্থানে ক্ষতচিহ্নের বর্ণনাও স্থান পেয়েছে।

ওই ঘটনায় ফুঁসে ওঠে সারা দেশ। স্বল্প সময়ের মধ্যে ধর্ষক ও খুনির দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিভিন্ন শ্রেণি-পেশার লোক রাস্তায় নেমে আসে। ফেসবুকে তোলপাড় শুরু হয়। ফুঁসে ওঠে গোটা দেশের মানুষ। দুই দিনের মাথায় ২১ মে স্বরাষ্ট্রমন্ত্রীকে নিয়ে রামিসার পরিবারকে সান্ত্বনা দিতে তাদের বাসায় ছুটে যান প্রধানমন্ত্রী তারেক রহমান। দ্রুত বিচার সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ব্যাপারে তাদের আশ্বস্ত করেন। এসব ঘটনায় নড়েচড়ে বসে পুলিশ প্রশাসন। এর ঠিক দুই দিন পরই চার্জশিট জমা দেওয়া হলো। রোববার দুপুরে আদালতে জমা দেওয়া চার্জশিটে সোহেল রানা এবং তার স্ত্রী স্বপ্না আক্তারকে অভিযুক্ত করা হয়েছে। পরে আদালত চার্জশিট গ্রহণ করে বিচারের জন্য শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালে পাঠিয়ে দেওয়া হয়। বিকালে ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীনের আদালত আসামিদের বিরুদ্ধে চার্জশিট আমলে নিয়ে অভিযোগ গঠন বিষয়ে শুনানির জন্য আগামী ১ জুন ধার্য করেন। সূত্র ৭-এর পৃষ্ঠায় দেখুন

হামে আরও ১৬ শিশুর মৃত্যু

ঈদে সংক্রমণ বৃদ্ধির ঝুঁকি

বাংলা পত্রিকা ডেস্ক ঃ হাম ও এর উপসর্গে দেশে এ পর্যন্ত পাঁচ শতাধিক শিশুর মৃত্যু হয়েছে। আর আক্রান্তের সংখ্যা ৭২ হাজার ছাড়িয়েছে। জনস্বাস্থ্যবিদের আশঙ্কা, ঈদকে কেন্দ্র করে বাড়তি জনসমাগম, গণপরিবহণে ভিড়, আত্মীয়-স্বজনের বাড়িতে যাতায়াত এবং সামাজিক অনুষ্ঠানে অংশগ্রহণের কারণে মিজেলস ভাইরাসবাহিত হামের সংক্রমণ আরও দ্রুত ছড়াতে পারে। বাড়তে পারে মৃত্যুও। স্বাস্থ্যমন্ত্রী নিজেও এই আশঙ্কার কথা জানিয়েছেন। তার মতে, হাম অত্যন্ত ছোঁয়াচে ও উচ্চ সংক্রামক। আক্রান্ত কারও সংস্পর্শে গেলেই, শ্বাস-প্রশ্বাসে এটা ছড়ায়। ঈদে বাস যাত্রা, ট্রেন যাত্রা, আত্মীয়-স্বজনের বাড়িতে বেড়াতে যাওয়ার সময় হাম রোগীর সংস্পর্শে এলে সুস্থ বাচ্চারা সংক্রামিত হতে পারে। তাই অভিভাবকদের সতর্ক থাকতে হবে।



চিকিৎসা বিশেষজ্ঞরা যুগান্তরকে বলেন, হামে আক্রান্ত শিশু বা ব্যক্তি ১২ থেকে ১৮ জন সুস্থ মানুষের মধ্যে এই রোগ ছড়িয়ে দিতে পারে। শরীরে হামের জীবাণু প্রবেশের পর উপসর্গ প্রকাশের আগেই আক্রান্ত ব্যক্তি অন্যদের মধ্যে সংক্রমণ ছড়াতে সক্ষম। ফলে ঈদযাত্রায় বাস টার্মিনাল, লঞ্চঘাট, ট্রেন স্টেশনগুলো ছাড়াও ঈদের জামাত, শপিংমল, বিনোদন কেন্দ্র ও পারিবারিক সমাবেশ সংক্রমণ বৃদ্ধির বড় ঝুঁকি তৈরি করতে পারে। বিশেষ করে শিশু, বয়োবৃদ্ধ ও দীর্ঘমেয়াদি রোগে ভোগা ব্যক্তিদের নিয়ে অপ্রয়োজনীয় ভিড় এড়িয়ে চলা এবং উপসর্গ দেখা দিলে ভ্রমণ করা থেকে বিরত থাকতে হবে।

এদিকে শনিবার সকাল আটটা থেকে রোববার সকাল আটটা পর্যন্ত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ (সন্দেহভাজন রোগী) নিয়ে সারা দেশে আরও ১৬ শিশুর মৃত্যু হয়েছে। এ সময়ে নতুন করে ১২৮ শিশুর শরীরে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে। এছাড়া ১ হাজার ৩০৬ শিশু হামের লক্ষণ নিয়ে হাসপাতালে আসে। এদের মধ্যে ১ হাজার ১৬৯ শিশুকে ভর্তি করা হয়েছে। রোববার স্বাস্থ্য অধিদপ্তরের হাম বিষয়ক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে ঢাকায় ১০, রাজশাহীতে এক, সিলেটে ৭-এর পৃষ্ঠায় দেখুন



মক্কায় ৪৪ ডিগ্রি তাপমাত্রা সহ্য করবেন হাজিরা, আছে বালুঝড়ের পূর্বাভাসও



আজকের পত্রিকা ডেস্ক ঃ এবারের হজ উপলক্ষে সৌদি আরবের পবিত্র নগরী মক্কায় ইতিমধ্যে বিশ্বের বিভিন্ন দেশ থেকে লাখো মুসল্লি সমবেত হতে শুরু করেছেন। এ অবস্থায় হজের আনুষ্ঠানিকতা শুরু হওয়ার আগেই সৌদি 'ন্যাশনাল সেন্টার অব মেটেরোলজি' (এনসিএম) আবহাওয়ার বিশেষ পূর্বাভাস প্রকাশ করেছে। এতে বলা হয়েছে–আরাফাতের দিন থেকে মক্কার পবিত্র স্থানগুলোতে তাপমাত্রা সর্বোচ্চ ৪৪ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত উঠতে পারে। পাশাপাশি ধুলোঝড় ও বালুঝড়ের আশঙ্কাও রয়েছে।

রোববার (২৪ মে) 'খালিজ টাইমস' জানিয়েছে, প্রতি বছরের মতো এবারও গরমের মৌসুমে হজ অনুষ্ঠিত হওয়ায় হাজিদের দীর্ঘ পথ হাঁটা ও খোলা আকাশের নিচে ইবাদত করতে হবে তীব্র গরমের মধ্যে। এ অবস্থায় সৌদি কর্তৃপক্ষ হজযাত্রীদের সতর্ক থাকার এবং পর্যাপ্ত পানি পান করার পরামর্শ দিয়েছে।

বার্তা সংস্থা এএফপির প্রতিবেদনে বলা হয়েছে, এবার হজ পালনের জন্য ইতিমধ্যে ১৫ লাখের বেশি বিদেশি হাজি সৌদি আরবে পৌঁছেছেন। সৌদি আরবের হজ পাসপোর্ট বাহিনীর কমান্ডার সালেহ আল-মুরাব্বা এক সংবাদ সম্মেলনে জানান, বিদেশ থেকে আগত হাজির সংখ্যা দাঁড়িয়েছে ১৫ লাখ ১৮ হাজার ১৫৩ জনে। মধ্যপ্রাচ্যে চলমান অস্থিরতার মধ্যেও এই সংখ্যাটি গত বছরের তুলনায় বেশি।

সৌদি আবহাওয়া বিভাগ হজের আবহাওয়াকে দুই ধাপে ভাগ করে পূর্বাভাস দিয়েছে। জিলহজের ১ থেকে ৮ তারিখ, অর্থাৎ ১৮ মে থেকে ২৫ মে পর্যন্ত মক্কা ও আশপাশের এলাকায় আবহাওয়া থাকবে গরম থেকে অতি গরম। এ সময় আকাশ আংশিক মেঘলা থাকতে পারে। দিনের বেলায় সক্রিয় বায়ুপ্রবাহের কারণে ধুলা ও বালু উড়তে পারে। সর্বোচ্চ তাপমাত্রা ৪৪ থেকে ৪৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ থেকে ৩১ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকতে পারে। বাতাসের আর্দ্রতা থাকবে ১০ থেকে ৪০ শতাংশের মধ্যে।

অন্যদিকে জিলহজের ৯ থেকে ১৩ তারিখ, অর্থাৎ ২৬ মে থেকে ৩০ মে পর্যন্ত আরাফাত দিবস সহ হজের গুরুত্বপূর্ণ দিনগুলোতে তাপমাত্রা কিছুটা কমলেও গরম অব্যাহত থাকবে। এ সময় সর্বোচ্চ তাপমাত্রা ৪২ থেকে ৪৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ থেকে ২৯ ডিগ্রির মধ্যে থাকতে পারে। বাতাসের আর্দ্রতা থাকবে ১৫ থেকে ৫৫ শতাংশের মধ্যে। ঘণ্টায় ২০ থেকে ৫০ কিলোমিটার বেগে উত্তর-পশ্চিম দিক থেকে বাতাস প্রবাহিত হতে পারে।

হোয়াইট হাউসের বাইরে গোলাগুলি, নিজেকে 'ঈশ্বর' দাবি করতেন নিহত বন্দুকধারী



আজকের পত্রিকা ডেস্ক ঃ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের সরকারি বাসভবন হোয়াইট হাউসের বাইরে শনিবার (২৩ মে) সন্ধ্যায় ভয়াবহ গোলাগুলির ঘটনা ঘটেছে। সেখানে নিরাপত্তার দায়িত্বে থাকা সিক্রেট সার্ভিস এজেন্টদের গুলিতে নাসিরে বেস্ট (২১) নামের এক বন্দুকধারী নিহত হয়েছেন। এই ঘটনায় এক সাধারণ পথচারী গুলিবিদ্ধ হয়ে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনার সময় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হোয়াইট হাউসের ভেতরে অবস্থান করছিলেন। তবে তিনি সম্পূর্ণ নিরাপদ ও অক্ষত আছেন বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শী ও সিক্রেট সার্ভিসের প্রাথমিক তদন্ত সূত্রে জানা যায়, স্থানীয় সময় শনিবার বিকেল পৌনে ৬টার দিকে হোয়াইট হাউস চত্বরের ঠিক বাইরের একটি নিরাপত্তা চেকপয়েন্টের দিকে এগিয়ে যান নাসিরে বেস্ট। সেখানে পৌঁছানোর পরপরই তিনি সিক্রেট সার্ভিস কর্মকর্তাদের লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি ছুড়তে শুরু করেন।

নিরাপত্তা বাহিনী তাৎক্ষণিকভাবে পাল্টা জবাব দেয়। উভয় পক্ষের গোলাগুলির মধ্যে পড়ে এক পথচারী গুরুতর আহত হন। সিক্রেট সার্ভিসের পাল্টা গুলিতে সন্দেহভাজন নাসিরে বেস্ট গুরুতর আহত হলে তাঁকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

গোলাগুলির শব্দ শোনার পরপরই হোয়াইট হাউসে অবস্থানরত সাংবাদিক ও কর্মকর্তাদের মধ্যে তীব্র আতঙ্ক ছড়িয়ে পড়ে। সিক্রেট সার্ভিস দ্রুত পুরো এলাকা ঘিরে ফেলে এবং সাংবাদিকদের হোয়াইট হাউসের প্রেস ব্রিফিং রুমে আশ্রয় নিতে বলা হয়। প্রায় ৪০ মিনিট পুরো হোয়াইট হাউস অবরুদ্ধ (লকডাউন) অবস্থায় রাখা হয়েছিল।

হামলাকারীর চাঞ্চল্যকর অতীত

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তদন্তে জানা গেছে, নিহত নাসিরে বেস্টের মানসিক অবস্থা বেশ কিছুদিন ধরে অস্থিতিশীল ছিল। সিক্রেট সার্ভিসের রেকর্ডে তিনি আগে থেকেই 'পরিচিত মুখ' ছিলেন।

আদালতের নথি অনুযায়ী, গত বছরের জুন ও জুলাই মাসেও তিনি হোয়াইট হাউসের নিরাপত্তা বলয় ভাঙার চেষ্টা করেছিলেন:

জুন ২০২৫: হোয়াইট হাউসের প্রবেশদ্বারে গাড়ি চলাচলে বাধা দেওয়ায় তাঁকে আটক করা হয়। সে সময় নিজেকে 'ঈশ্বর' দাবি করায় তাঁকে মানসিক পরীক্ষার জন্য ওয়াশিংটনের একটি সাইকিয়াট্রিক ইনস্টিটিউটে পাঠানো হয়েছিল।

জুলাই ২০২৫: পুনরায় তিনি হোয়াইট হাউসের একটি সংরক্ষিত ড্রাইভওয়েতে প্রবেশের চেষ্টা করলে পুলিশ তাঁকে গ্রেপ্তার করে এবং আদালত তাঁকে হোয়াইট হাউস চত্বর থেকে দূরে থাকার নির্দেশ দেন। গ্রেপ্তারের সময় তিনি নিজেকে 'যিশুখ্রিষ্ট' দাবি করে বলেন, তিনি স্বেচ্ছায় গ্রেপ্তার হতে চান।

নিজেকে এবং আপনার পরিবারকে সুস্থ রাখুন।
কম খরচের বা বিনামূল্যের স্বাস্থ্য বিমার জন্য আজই সাইন আপ করুন।
আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে নথিভুক্তির সহায়তা বিনামূল্যে।



আপনি যোগ্য কিনা তা দেখুন।
আপনার হেলথ কভারেজ সম্পর্কে সর্বাধিক অবহিত সিদ্ধান্তের জন্য একজন NYC স্বাস্থ্য দপ্তর এনরোলমেন্ট কাউন্সেলরের সাথে কথা বলুন।

347-665-0214 নম্বরে ফোন করুন।

nyc.gov/healthcoverage
ভিজিট করুন।

NYC Health
Zohran Kwame Mamdani
Mayor
Alister F. Martin, MD, MPP
Commissioner

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

স্বাস্থ্য খাতে ভুল নীতি

অর্ধ-সহস্র শিশু মৃত্যুর দায় এড়ানো সম্ভব নয়

যে রোগটি স্রেফ একটি সময়োচিত টিকার মাধ্যমে শতভাগ প্রতিরোধযোগ্য, সেই হামের সংক্রমণে মাত্র আড়াই মাসে দেশে প্রায় পাঁচশ শিশুর নির্মম মৃত্যু কোনো সাধারণ ঘটনা হতে পারে না। বিশ্বের অন্যতম সফল টিকাদান কর্মসূচির (ইপিআই) ঐতিহ্যে বলীয়ান একটি দেশে যখন চলতি বছর বৈশ্বিক পর্যায়ে হামে সর্বোচ্চ মৃত্যুর কলঙ্কজনক রেকর্ড তৈরি হয়, তখন বুঝতে হবে আমাদের জনস্বাস্থ্য ও নীতি-পরিকল্পনার কোথাও বড় ধরনের ভুল রয়ে গেছে। পরপর তিনটি সরকারের ধারাবাহিক নীতিগত ভুল, পদ্ধতিগত জটিলতা এবং চরম সিদ্ধান্তহীনতার চড়া মূল্য দিতে হলো শত শত নিষ্পাপ শিশুর প্রাণের বিনিময়ে। বিগত আওয়ামী লীগ সরকার সুদূরপ্রসারী কোনো বিকল্প না রেখেই দীর্ঘদিনের পরীক্ষিত সেক্টর প্রোগ্রাম বন্ধের আত্মঘাতী সিদ্ধান্ত নিয়েছিল। পরবর্তীকালে অন্তর্বর্তী সরকার সেই ব্যবস্থার উপযুক্ত বিকল্প বা আপৎকালীন মজুত নিশ্চিত না করেই কর্মসূচিটি পুরোপুরি বাতিল করে দেয়। নির্বাচিত নতুন সরকার পরিস্থিতি সামাল দিতে রাজস্ব বাজেট থেকে উন্মুক্ত দরপত্রে টিকা কেনার সিদ্ধান্ত নিলেও কার্যক্ষেত্রে অর্থ ছাড়ের জটিলতা ও ক্রয় প্রক্রিয়ার দীর্ঘসূত্রতা পরিস্থিতিকে আরও নাজুক করেছে। ফলে যথাসময়ে গণটিকার ক্যাম্পেইন করা সম্ভব হয়নি এবং তিন তিনবার তা পিছিয়ে দেওয়া হয়েছে।

সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, চলতি বছরের জানুয়ারিতে সংক্রমণ শুরু হওয়া এবং ১৫ মার্চ থেকে তা দেশব্যাপী প্রাদুর্ভাবে রূপ নেওয়ার পরও ফেব্রুয়ারি মাসে দায়িত্ব নেওয়া নির্বাচিত বর্তমান সরকার এই জরুরি পরিস্থিতি মোকাবিলায় দৃশ্যত ধীরগতির নীতি গ্রহণ করেছে। সংক্রমণ যখন ঢাকা, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন বিভাগে দ্রুত ছড়িয়ে পড়ছিল, তখন হাসপাতালগুলোতে জীবনরক্ষাকারী হাই ফ্লো অক্সিজেন, ভেন্টিলেটর, আইসিইউ এবং শিশুদের জন্য বিশেষায়িত পিআইসিইউ শয্যার তীব্র সংকট দেখা গেছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা যেখানে 'জরুরি স্বাস্থ্য পরিস্থিতি' ঘোষণার তাগিদ দিয়েছিলেন, সেখানে আমলাতান্ত্রিক আশ্বাস ও তদন্ত কমিটির ধীরগতির ফলে মাঠপর্যায়ে কার্যকর কোনো আপৎকালীন তৎপরতা চোখে পড়েনি। বিশ্ব স্বাস্থ্য সংস্থার আন্তর্জাতিক ফোরামে অংশ নিয়ে বিদেশে বসে কর্তৃপক্ষের স্বচ্ছতার আশ্বাস দেওয়া আর দেশে অক্সিজেনের অভাবে শিশুর ছটফট করে মারা যাওয়ার বাস্তবতার মধ্যে যে ব্যবধান, তা অত্যন্ত বেদনাদায়ক।

মনে রাখা দরকার, একটি আধুনিক রাষ্ট্রে জনস্বাস্থ্য কোনো রুটিন প্রশাসনিক কাজ নয়, বরং এটি নাগরিকদের বেঁচে থাকার মৌলিক অধিকারের সঙ্গে সম্পৃক্ত। চলমান এই বিপর্যয় প্রমাণ করে, আমাদের নীতিনির্ধারকরা টিকাদানের মতো সংবেদনশীল কর্মসূচিকে রাজনৈতিক পালাবদলের ডামাডোল থেকে মুক্ত রাখতে ব্যর্থ হয়েছেন। আমরা মনে করি, এই মুহূর্তের প্রধান কাজ হলো আর কোনো ব্লেম গেম বা অজুহাত না দেখিয়ে জরুরি ভিত্তিতে আন্তর্জাতিক উৎস থেকে কার্যকর টিকা সংগ্রহ করে দেশব্যাপী ক্র্যাশ প্রোগ্রাম চালু করা এবং আক্রান্তদের জন্য হাসপাতালে যথাযথ চিকিৎসার ব্যবস্থা করা। একইসঙ্গে পদ্ধতিগত ত্রুটি ও অবহেলার কারণে যারা এই মানবিক বিপর্যয় ডেকে এনেছে, তদন্তের মাধ্যমে তাদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনা। রাষ্ট্র যদি তার ভবিষ্যৎ প্রজন্মকে একটি সাধারণ রোগ থেকেই রক্ষা করতে না পারে, তবে জনকল্যাণের সব দাবিই অর্থহীন হয়ে পড়ে। নীতিনির্ধারকরা অনতিবিলম্বে এই প্রশাসনিক জড়তা ভেঙে কার্যকর পদক্ষেপ নেবে-এটাই প্রত্যাশা।




হালফিল বয়ান

শিশুর কান্না কি শুধুই অন্ধ খতিয়ান

ড. মাহফুজ পারভেজ

শিশুর কান্না কি শুধুই এক অন্ধ খতিয়ান হয়ে তথ্য-পরিসংখ্যানের সংখ্যা আকারে থাকবে এবং সমাজের মনস্তাত্ত্বিক বিকৃতি, বৈকল্য ও তীব্রতর সামাজিক-রাষ্ট্রীয় অবক্ষয়ের প্রতীক হয়ে মানবিক বিবেককে আঘাত করতেই থাকবে? এমন প্রশ্নের উত্তর জানতে উন্মুখ সমগ্র বাংলাদেশ। যদিও শিশু ধর্ষণ এবং হত্যার মতো অপরাধের ক্ষেত্রে যাতে সংক্ষিপ্ত সময়ে বিচার করা যায়, তার জন্য প্রয়োজনীয় আইনি সংস্কার করার কথা জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, তথাপি মানুষ ক্রমবর্ধমান শিশু নির্যাতনের পাশবিক ঘটনাগুলো দেখে-শুনে চরমভাবে আতঙ্কিত।



সন্দেহ নেই, বাংলাদেশের আকাশে-বাতাসে আজ সবচেয়ে ভারী, সবচেয়ে বিষাক্ত যে শব্দটুকুর অনুরণন ঘটছে, তা কোনো রাজনৈতিক দলের রণহুংকার নয়, কোনো অর্থনৈতিক দেউলিয়াত্বের হাহাকারও নয়-তা হলো অবোধ শিশুর আতঙ্কভরা, তীব্র আর্তনাদ। যে কান্না আমরা প্রতিদিন শুনি, শুনেও বধিরের মতো এড়িয়ে যাই, কিংবা বড়জোর চায়ের টেবিলে বা সামাজিক যোগাযোগমাধ্যমে দু-চার ফোঁটা সস্তা ক্ষোভ বিসর্জন দিয়ে নিজেদের নাগরিক দায়িত্ব শেষ করি। অথচ এ অবদমিত, উপেক্ষিত কান্নার ভেতরেই লুকিয়ে আছে আমাদের রাষ্ট্র, সমাজ এবং তথাকথিত সামষ্টিক বিবেকের এক চরম নৈতিক ও মানসিক পচনের বিবরণ।

একটি রাষ্ট্রের সভ্যতার প্রথম এবং প্রধান মানদণ্ড হলো, সে তার সবচেয়ে দুর্বল ও নিষ্পাপ অংশ-অর্থাৎ শিশুদের কতটা নিরাপত্তা দিতে পারছে। সেই নির্মম আয়নার সামনে দাঁড়িয়ে আজ আমাদের নিজেদের দিকে তাকানোর সাহস আছে কি? আমরা কি আসলেই কোনো সুস্থ, সভ্যসমাজে বাস করছি? নাকি এক অন্ধকার, আদিম এবং সাইকোপ্যাথিক বাস্তবতার অতল গহ্বরে প্রবেশ করেছি, যেখানে শিশুর শরীর কেবল মাংসের পিণ্ড আর তার শৈশব হলো এক পৈশাচিক লালসার মৃগয়াক্ষেত্র?

অতীতে পরিসংখ্যানের আড়ালে লুকানো মনস্তাত্ত্বিক মহামারি ও বিকৃতির চিত্র উন্মোচনের ক্ষেত্রে শৈথিল্য দেখানো হয়েছে বারবার। অথচ গত ২০ মাসে ধর্ষণ ও নির্যাতনে ৬৪৩ শিশুর মৃত্যু, বিচারে দীর্ঘসূত্রতা' শিরোনামে মানবাধিকার সংগঠনগুলোর সাম্প্রতিক পরিসংখ্যান কেবল কোনো সংখ্যাতাত্ত্বিক খতিয়ান নয়। এটি আসলে আমাদের সমাজের গভীরে বাসা বাঁধা এক ভয়াবহ মনস্তাত্ত্বিক বৈকল্যের মরণচিহ্ন। মাসে গড়ে ৩২টিরও বেশি নিষ্পাপ শিশু যখন ধর্ষণ, পাশবিক নির্যাতন কিংবা পৈশাচিক সহিংসতার শিকার হয়ে লাশ হয়ে ফিরছে, তখন বুঝতে হবে এ ব্যাধি কেবল আইনের শাসনের অভাব নয়, এটি এক তীব্র সামাজিক পারভার্সন বা চরম বিকৃতি।

মনস্তাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করলে দেখা যায়, একটি শিশুর ওপর যখন কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি যৌন সহিংসতা চালায়, তখন তা কেবল ক্ষণিকের আদিম লালসা নয়। এর পেছনে কাজ করে চরম মাত্রার পেডোফিলিয়া, স্যাডিজম এবং অসামাজিক ব্যক্তিত্বের ব্যাধি (Antisocial Personality Disorder)। এর সঙ্গে জড়িত ক্ষমতার বিকৃত প্রদর্শন। অপরাধী যখন সমাজ বা রাষ্ট্রে নিজের হতাশা ও অক্ষমতা ঢাকতে পারে না, তখন সে তার অবদমিত ক্ষোভ ও বিকৃত যৌনাকাঙ্ক্ষা চরিতার্থ করার জন্য বেছে নেয় সবচেয়ে দুর্বল ও আত্মরক্ষায় অক্ষম শিশুকে। এটি এক ধরনের চরম মানসিক কাপুরুষতা ও 'স্যাডিস্টিক প্লেজার' বা অন্যকে কষ্ট দিয়ে আনন্দ পাওয়ার রোগ।

এ অবস্থায় সমাজ থেকে যেন সহানুভূতির সম্পূর্ণ বিলুপ্তি ঘটার চিত্রই ভেসে আসে। একজন মানুষের মনস্তাত্ত্বিক কাঠামো কতটা ধ্বংস হলে সে একটি অবোধ শিশুর চোখের জল, আকুতি এবং তীব্র শারীরিক যন্ত্রণাকে সম্পূর্ণ উপেক্ষা করে পশুর চেয়েও অধম আচরণ করতে পারে? সমাজে আজ গণহারে এ 'এমপ্যাথি' বা সহানুভূতির বিলুপ্তি ঘটেছে। মানুষ যেন মানবিক বোধ ও বিবেকহীন হয়ে পড়ছে, যা সমাজ ও রাষ্ট্রের জন্য এক ভয়াবহ বিপদস্বরূপ।

অবক্ষয় ও বিকৃতিকে বেগবান করছে ডিজিটাল পর্নোগ্রাফি ও মনস্তাত্ত্বিক অসুস্থতা। প্রযুক্তির অপব্যবহার এবং অনিয়ন্ত্রিত ডার্ক ওয়েব বা সাইবার দুনিয়ায় ছড়িয়ে থাকা বিকৃত পর্নোগ্রাফির সহজলভ্যতা মানুষের অবচেতন মনকে এমনভাবে বিষাক্ত করছে, যেখানে অপরাধবোধ পুরোপুরি লোপ পাচ্ছে। এর ফলে স্বাভাবিক যৌন আচরণ বাদ দিয়ে সমাজ এক চরম যৌন-বিকারগ্রস্ততায় ভুগছে।

সমাজ ও রাষ্ট্রের যৌথ অপরাধ এবং বিচারহীনতার সংস্কৃতি নিয়েও নীতিনির্ধারকরা চিন্তিত নন। সবচেয়ে ভয়ংকর এবং কুৎসিত বিষয় হলো-আমরা ধীরে ধীরে এ চরম নির্মমতাকেও আমাদের প্রতিদিনের 'স্বাভাবিক সংবাদ' বা 'নরমাল লাইফ' হিসাবে গ্রহণ করতে শুরু করেছি। একে সমাজবিজ্ঞানের ভাষায় বলা হয় ডেসেনসিটাইজেশন বা সংবেদনশীলতাহীনতা। একটি শিশুর ক্ষতবিক্ষত মরদেহ উদ্ধার হয়, টকশোতে কিছুদিন কান্নাকাটি হয়, রাস্তায় গোটা কয়েক প্ল্যাকার্ড হাতে মিছিল হয়, তারপর আবার এক অপরাধমূলক নীরবতা। এ যৌথ নীরবতাই পরবর্তী অপরাধীকে আরও বেশি সাহসী, আরও বেশি বেপরোয়া করে তোলে। কারণ সে মনস্তাত্ত্বিকভাবে নিশ্চিত থাকে-এ সমাজের স্মৃতিশক্তি অত্যন্ত ক্ষণস্থায়ী এবং এর প্রতিবাদ কেবল সাময়িক বুদ্বুদ। এখানে রাষ্ট্র ও তার বিচারব্যবস্থার দায় কোনো অজুহাতেই এড়ানোর সুযোগ নেই। তদন্তের নামে বছরের পর বছর কালক্ষেপণ, প্রভাবশালী অপরাধীদের বাঁচাতে পুলিশি প্রতিবেদনের মারপ্যাঁচ, সাক্ষী হাজিরার দীর্ঘসূত্রতা এবং বিচারিক কাঠামোর কচ্ছপগতি-এসবকিছু মিলে অপরাধীদের জন্য এক অভয়ারণ্য তৈরি করেছে।

কেন শিশু নির্যাতনের মামলাগুলোকে জরুরি ভিত্তিতে 'বিশেষ ট্রাইব্যুনালে' সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে না? কেন এখনো হাজার হাজার খুনি-ধর্ষক আইনের ফাঁকফোকর গলে জামিনে বেরিয়ে বুক ফুলিয়ে ঘুরে বেড়াবে? বিচার যদি দ্রুত, দৃশ্যমান এবং দৃষ্টান্তমূলক না হয়, তবে আইনের প্রতি ভয় সমাজ থেকে চিরতরে উধাও হয়ে যায়, যা আজ আমরা প্রত্যক্ষ করছি।

শিকড়ের গভীর সংকট আসলে রাষ্ট্র ও সমাজের মতোই পরিবার ও প্রাতিষ্ঠানিক ব্যর্থতার প্রতিফল। কেবল ফাঁসির দড়ি বা কঠোর শাস্তির আইন দিয়ে এ মনস্তাত্ত্বিক মহামারি রুখানো অসম্ভব। কারণ, এ পচনের শিকড় অনেক গভীরে। আমাদের পারিবারিক শিক্ষা, প্রাতিষ্ঠানিক পাঠ্যক্রম এবং ধর্মীয় ও সামাজিক পরিমণ্ডলে মানবিক মূল্যবোধের চর্চা আজ শূন্যের কোঠায়। আমরা সন্তানদের জিপিএ-৫ পাওয়া শেখাচ্ছি, জাঁকজমকপূর্ণ ক্যারিয়ার গড়া শেখাচ্ছি; কিন্তু অন্য একটা মানুষকে সম্মান করা, শিশুদের প্রতি মমত্ববোধ রাখা এবং আত্মনিয়ন্ত্রণ বা মোরাল কম্পাস ধরে রাখার শিক্ষা দিচ্ছি না। একই সঙ্গে যুক্ত হয়েছে একধরনের প্রাতিষ্ঠানিক বৈকল্য।


তবে এবার রুখে দাঁড়ানোর পালা শুরু করতেই হবে। কারণ, একটি দেশের ভবিষ্যৎকে এভাবে প্রতিদিন তিল তিল করে জবাই হতে দেওয়া যায় না। আজ যদি আমরা একটি জাতীয় মনস্তাত্ত্বিক ও সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে না পারি, তবে অচিরেই আমাদের অস্তিত্ব বিলীন হয়ে যাবে। এজন্য প্রয়োজন-

১. দ্রুত বিচারের মতো আইনি ব্যবস্থার আমূল সংস্কার। ২. পারিবারিক ও মানসিক ট্রেনিং। সমাজে যারা মানসিক বৈকল্য বা বিকৃতিতে ভুগছে, তাদের চিহ্নিতকরণ ও কাউন্সেলিংয়ের জন্য সামাজিক সচেতনতা বাড়াতে হবে। ৩. ডিজিটাল কনটেন্ট নিয়ন্ত্রণে গুরুত্বারোপ। ৪. প্রতি পাড়ায়, মহল্লায় এবং শিক্ষাপ্রতিষ্ঠানে লোকাল চাইল্ড প্রটেকশন ইউনিট গড়ে তোলা। যেখানে শিশু বা তাদের অভিভাবকরা নির্ভয়ে অবিলম্বে সাহায্য চাইতে পারবেন।

সমাজকে আবার 'মানুষ' হতে হবে, এটাই মূল শপথ হওয়া উচিত। পেশিশক্তির অধিকারী দুর্বৃত্তদের নিয়ে রাজনীতিকদের আগ্রহ কমাতে হবে। একটি শিশুর ক্ষতবিক্ষত শরীর বা ঘৃণ্য অপরাধ কোনো রাজনৈতিক ইস্যু নয়, এটি জাতীয় ব্যর্থতার দলিল। আমাদের নিজ নিজ বিবেকের কাছে ফিরে আসতে হবে। যে সমাজ, যে রাষ্ট্র, যে নাগরিক সমাজ একটি শিশুর পৈশাচিক ক্রন্দনে কেঁপে ওঠে না, যার বিবেক স্তম্ভিত হয় না, সে সমাজ আসলে জীবিত নয়; তা এক জ্যান্ত কবরস্থান। রামিসা, আছিয়া, লামিয়া কিংবা ফাহিমারা কেবল সংবাদপত্রের পাতায় ছাপা হওয়া কোনো নির্জীব কলাম বা পরিসংখ্যান নয়; ওরা আমাদের সামগ্রিক পচন, ক্লীবতা ও ব্যর্থতার একেকটি জীবন্ত প্রতিচ্ছবি এবং চপেটাঘাত।

শিশু প্রতিটি দেশের সবচেয়ে পবিত্র, সবচেয়ে নিষ্পাপ নাগরিক। তাদের নিরাপত্তা দেওয়া কোনো করুণা বা দয়া নয়, এটি রাষ্ট্র ও সমাজের মৌলিক ও অলঙ্ঘনীয় দায়িত্ব। আমরা যদি আমাদের সন্তানদের জন্য একটি নিরাপদ ও বাসযোগ্য বাংলাদেশ রেখে যেতে না পারি, তবে আমাদের তথাকথিত জিডিপি প্রবৃদ্ধি, মেগা প্রজেক্টের উন্নয়ন, ডিজিটালাইজেশন আর সভ্যতার সব বড় বড় বুলি হবে ইতিহাসের সবচেয়ে বড় তামাশা এবং সম্পূর্ণ অর্থহীন বাগাড়ম্বর। এমনকি শিশুর অনিরাপদ সমাজে গণতান্ত্রিক সুশাসনের যাবতীয় অর্জনও পরিণত হবে প্রহসনে।

প্রফেসর ড. মাহফুজ পারভেজ : চেয়ারম্যান, রাজনীতি বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়; নির্বাহী পরিচালক, চট্টগ্রাম সেন্টার ফর রিজিওনাল স্টাডিজ বাংলাদেশ (সিসিআরএসবিডি)





AMC

EID-UL-ADHA JAMAT

27 MAY 2026, WEDNESDAY

1st Jamat	:	6:00 AM	AMC Masjid
2nd Jamat	:	7:00 AM	AMC Masjid
3rd Jamat	:	8:30 AM	Rufus King Park
4th Jamat	:	9:30 AM	Rufus King Park
5th Jamat	:	11:00 AM	AMC Masjid

INCASE OF RAIN ALL EID JAMATS WILL BE HELD IN MASJID

Make your contribution through online:

Zelle 929-519-5208

Check Payable to: **AMERICAN MUSLIM CENTER**

WE ACCEPT FITRA, JAKAT & SADAQAH

Please bring a prayer mat to offer prayers in the park.

Those who need chairs, please bring your own.

Rawdhah Foundation
JANAZA & FUNERAL SERVICES
Please call for urgent help
Zelle: 718-908-9251
Janaza & Funeral Transport: Khorshed Alam 857-498-7488
118 Harbor Rd, Port Washington, NY 11050
Email: rawdanyc@gmail.com

ANGAN PARTY HALL
89-16 175th Street, CF-2, Jamaica, NY 11432
Phone: 929-949-1234

MATRIMONIAL SERVICE
কাজী অফিস
(NYC Registered)
Get married in Islamic way by
HAFEZ RAFIQUL ISLAM
Imam & Director, MMC
347-575-1110, 929-204-8448
IMAM ATAUR RAHMAN
Imam & Religious Teacher, AMC
929-361-0609
89-14, 150 St, Jamaica, NY 11435

American Muslim Center
TAHERA AL-QURAN ACADEMY
89-14, 150 St, Jamaica, NY 11435 929-361-0609, 347-575-1110, 917-204-3570, 929-204-8448
amcusa150@gmail.com www.amcdawa.org facebook.com/americanmuslimcenterofficial

নিউইয়র্কের জ্যামইকায় ঈদ মেলা

শেষ পৃষ্ঠার পর

আয়োজন প্রবাসে কমিউনিটির বন্ধন দৃঢ় করার পাশাপাশি ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য নতুন সুযোগ তৈরি করে।

২৩ মে শনিবার প্রথম আলো উত্তর আমেরিকা, কালার ফুল ইউএসএ, সুমিস কালেকশনস ও রোজি বুটিকসের যৌথ উদ্যোগে দিনব্যাপী এই আয়োজনে প্রবাসী বাংলাদেশি কমিউনিটির বিপুল উপস্থিতিতে পুরো মিলনায়তন পরিণত হয় এক প্রাণবন্ত উৎসবমুখর মিলনমেলায়।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির প্রধান নির্বাচন কমিশনার আবু নাসের।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জনপ্রিয় অভিনেতা আহমেদ শরীফ, শিল্পপতি গোলাম ফারুক ভূঁইয়া, বাচিক শিল্পী ডা. ফারুক আজম, উদ্যোক্তা নাছিমা আক্তার নিশা, সুমি রায় এবং রোজি। অতিথিরা তাদের বক্তব্যে বলেন, প্রবাসে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য এমন প্ল্যাটফর্ম অত্যন্ত প্রয়োজনীয়, কারণ এটি তাদের ব্যবসা সম্প্রসারণের পাশাপাশি নিজেদের পরিচিতি বাড়ানোর সুযোগ করে দেয়।

অনুষ্ঠানটির সার্বিক উপস্থাপনায় ছিলেন মনজুরুল হক। দিনজুড়ে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান, সংগীত পরিবেশনা, নৃত্য এবং নানা বিনোদনমূলক আয়োজন।

মেলায় অংশ নেয়া উদ্যোক্তারা দেশীয় পোশাক, অলংকার, হস্তশিল্প, প্রসাধনী এবং বিভিন্ন ঐতিহ্যবাহী পণ্যের আকর্ষণীয় পসরা সাজিয়ে দর্শনার্থীদের মন কাড়েন। উদ্যোক্তারা জানান, এমন আয়োজন তাদের ব্যবসায়িক পরিচিতি বৃদ্ধির পাশাপাশি প্রবাসী ক্রেতাদের সঙ্গে সরাসরি যোগাযোগের সুযোগ করে দেয়।



শিশুদের জন্য আয়োজন করা হয় চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ফ্যাশন শো এবং বিভিন্ন বিনোদনমূলক কার্যক্রম। প্রতিযোগিতায় অংশ নেওয়া শিশুদের মধ্যে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অঙ্গন পার্টি হলের সিইও মোহাম্মদ হোসেন ইশতিয়াক এবং মিসেস ইশতিয়াক।

অনুষ্ঠানের শেষ পর্বে আয়োজকদের পক্ষ থেকে প্রধান ও বিশেষ অতিথিদের হাতে সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়। --- প্রেস বিজ্ঞপ্তি







ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

রামিসা ধর্ষণ ও হত্যা মামলায় চার্জশিট

২-এর পৃষ্ঠার পর

বলছে, চার্জশিটে রামিসা হত্যার আদ্যোপান্ত উঠে এসেছে। স্থান পেয়েছে ঘটনার আগে ও পরের বিস্তারিত চিত্র। কোমলমতি শিশুটির যৌনাঙ্গ ক্ষতবিক্ষত করা ছাড়াও ঠোঁটেও পাওয়া গেছে গভীর ক্ষতচিহ্ন। এছাড়া শরীরের অন্যান্য স্থানেও আঘাতের চিহ্ন ছিল। অর্থাৎ রামিসাকে গলা কেটে হত্যার আগে অমানবিক নির্যাচন চালায় সোহেল রানা।

সোহেল রানার বিকৃত মানসিকতার বিষয়ে বক্তব্য দিয়েছে তার স্ত্রী স্বপ্না আক্তারও। স্বপ্না পুলিশকে জানিয়েছে, সোহেল বিকৃত যৌনাচারে অভ্যস্ত। নেশা করার পরই সোহেলের লাগামহীন বিকৃত মানসিকতার প্রকাশ ঘটে। চরিত্র খারাপ হওয়ায় সোহেলের আগের স্ত্রী ছেড়ে চলে গেছে বলেও জানায় স্বপ্না। সোহেল নিয়মিত ইয়াবা, গাঁজাসহ বিভিন্ন মাদক সেবন করত। এদিকে পল্লবীর বাসার আশপাশের লোকজন সোহেলের বিরুদ্ধে নানা অভিযোগ করেছে। চার্জশিটে মোট ১৫ জন সোহেলের বিরুদ্ধে স্বাক্ষর দিয়েছে। পুলিশের তদন্ত সংশ্লিষ্ট এক সিনিয়র অফিসার যুগান্তরকে বলেন, রামিসাকে অমানবিক ও নৃশংসভাবে হত্যা করা হয়েছে। বিষয়টি খুবই স্পর্শকাতর। বিস্তারিত বলা সম্ভব হচ্ছে না।

১৯ মে সকালে মিরপুরের পল্লবীর একটি ফ্ল্যাটের খাটের নিচ থেকে পপুলার মডেল হাই স্কুলের দ্বিতীয় শ্রেণির ছাত্রী রামিসার মাথাবিহীন দেহ ও বাথরুম থেকে খণ্ডিত মাথা উদ্ধার করে পুলিশ। হত্যাকাণ্ডের একদিন পর নিহতের বাবা আব্দুল হান্নান মোল্লা বাদী হয়ে প্রতিবেশী সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারসহ অজ্ঞাতপরিচয় ব্যক্তিকে আসামি করে পল্লবী থানায় মামলা করেন। প্রথমে প্রধান আসামি সোহেল রানার স্ত্রী স্বপ্না আক্তারকে বাসা থেকে গ্রেফতার করা হয়। পরে সোহেলকে গ্রেফতার করে পুলিশ। বুধবার সোহেল ধর্ষণ ও হত্যার কথা স্বীকার করে ১৬৪ ধারায় ম্যাজিস্ট্রেটের কাছে জবানবন্দি দেন।

জবানবন্দিতে সোহেল রানা বলেন, তারা একই ভবনে পাশাপাশি কক্ষে থাকতেন। শিশুটির পরিবারসহ তিনটি পরিবারের বাস ছিল একই তলার পাশাপাশি। ঘটনার দিন সকাল ৯টার দিকে শিশুটিকে দেখে ইয়াবা আসক্ত সোহেলের মধ্যে বিকৃত যৌন লালসা তৈরি হয়। সুযোগ বুঝে শিশুটিকে নিজের কক্ষে ডেকে নেয় সে। পরে জোর করে বাথরুমে নিয়ে শিশুটির ওপর যৌন নির্যাতন চালিয়ে ধর্ষণ করে।

সোহেল জানায়, ঘটনার পর শিশুটি তার মা-বাবাকে বিষয়টি জানিয়ে দেওয়ার কথা বললে আতঙ্কিত হয়ে পড়ে সোহেল। নিজের অপরাধ ফাঁস হওয়ার আশঙ্কায় একপর্যায়ে শিশুটিকে শ্বাসরোধ করে হত্যা করে। হত্যাকাণ্ডের পর সোহেলের স্ত্রী স্বপ্না আক্তার বিষয়টি জানতে পারেন। পরে স্বামীকে বাঁচাতে লাশ গোপন করার পরিকল্পনা করেন। লাশ গুম করতে তার মাথা ধারালো ছুরি দিয়ে কেটে গলা থেকে আলাদা করে ফেলা হয়। এছাড়া তার যৌনাঙ্গ ক্ষতবিক্ষত করা হয় এবং দুই হাত কাঁধের কাছ থেকে আংশিক বিচ্ছিন্ন করা হয়। এরপর লাশ বাথরুম থেকে শয়নকক্ষে এনে খাটের নিচে রাখা হয়। এ সময় মেয়েটির মা দরজায় নক করছিলেন। তখন মূল আসামি সোহেল যাতে পালাতে পারে, সেই সুযোগ করে দিতে স্ত্রী স্বপ্না দীর্ঘক্ষণ দরজা বন্ধ রাখেন। সোহেল জানালার গ্রিল কেটে পালিয়ে যাওয়ার পর স্বপ্না দরজা খোলেন। পুরো প্রক্রিয়াতেই সোহেলকে সহযোগিতা করেন তিনি।

আসামিপক্ষে রাষ্ট্রীয় খরচে আইনজীবী নিয়োগ : রামিসা হত্যা মামলায় আসামিপক্ষে মামলা পরিচালনার জন্য রাষ্ট্রীয় খরচে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট মুসা কালিমূল্যাহকে আইনজীবী হিসাবে নিয়োগ করেছে আইন মন্ত্রণালয়। রোববার আইন ও বিচার বিভাগের সিনিয়র সহকারী সচিব (জিপি-পিপি) মো. ফারুক হোসাইন স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এই নিয়োগ দেওয়া হয়েছে।

ঈদে সংক্রমণ বৃদ্ধির ঝুঁকি

২-এর পৃষ্ঠার পর

এক, বরিশালে এক, ময়মনসিংহে দুই ও রংপুরে এক শিশু মারা গেছে। আর ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে হাম আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ৮৬ শিশুর। সন্দেহজনক হাম রোগের লক্ষণ নিয়ে মারা গেছে ৪৪২ শিশু।

বিভাগভিত্তিক মৃত্যুর তথ্য পর্যালোচনা করে দেখা যায়, হামের লক্ষণ নিয়ে শুরু থেকে এ পর্যন্ত সবচেয়ে বেশি ২২৪ শিশু ঢাকায় মারা গেছে। ৮২ শিশু মারা গেছে রাজশাহী। এছাড়া ৫৩ শিশু সিলেট বিভাগে, চট্টগ্রাম বিভাগ ৫২ শিশু, বরিশাল বিভাগে ৫১, ময়মনসিংহ বিভাগে ৩৯ ও খুলনায় ২১ শিশু মারা গেছে। সবচেয়ে কম ৬ শিশু মারা গেছেন রংপুর বিভাগে।

বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের শিশু বিভাগের অধ্যাপক ডা. মো. আতিয়ার রহমান যুগান্তরকে বলেন, 'বাতাসের মাধ্যমে বা আক্রান্ত ব্যক্তির হাঁচি-কাশি থেকে এই ভাইরাস ছড়ায়। এ ভাইরাস কোনো বস্তুর ওপর প্রায় ২ ঘণ্টা পর্যন্ত বেঁচে থাকতে পারে। এমন পরিস্থিতির মধ্যেই ঈদ উদযাপনের জন্য রাজধানী ঢাকাসহ দেশের অন্যান্য শহর ছাড়তে শুরু করেছে মানুষ। প্রিয়জনদের সঙ্গে উৎসবের আনন্দ ভাগাভাগি করতে অভিভাবকরা স্ত্রী-শিশু সন্তান, বয়োবৃদ্ধ মা-বাবা এবং ভাই-বোন নিয়ে গ্রামের বাড়ি যাচ্ছেন। এ সময় আক্রান্ত কোনো শিশুর শরীর থেকে মিজেলস ভাইরাস খুব দ্রুত অন্য শিশুদের মাঝে ছড়িয়ে পড়তে পারে।'

বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের হাম ওয়ার্ড আইসিইউ ইউনিটের রেজিস্টার ডা. মো. সাইফুল ইসলাম বলেন, 'অনেক ক্ষেত্রে শরীরে হামের জীবাণু প্রবেশের পর শুরুতে শুধু হালকা জ্বর দেখা দেয়, কিন্তু তখনো তীব্র উপসর্গ প্রকাশ পায় না। এ সময় থেকেই আক্রান্ত শিশু বা ব্যক্তি অন্যদের মধ্যে সংক্রমণ ছড়াতে পারে। অজান্তেই পরিবারের সদস্য ও আশপাশের মানুষ ঝুঁকিতে পড়ে। এ কারণে ঈদযাত্রা ও বড় ধরনের জনসমাগমের কারণে এ সংক্রমণ দ্রুত ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে।'

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে ঈদে ছুটিকালীন সময়ে সরকারি ও বেসরকারি হাসপাতালগুলোতে নিরবচ্ছিন্ন চিকিৎসাসেবা নিশ্চিত করতে নির্দেশনা দেওয়া হয়েছে। শিশু ওয়ার্ড ও হাম আইসোলেশন ওয়ার্ডে পর্যাপ্ত চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী উপস্থিত থাকতে বলা হয়েছে। যেসব হাসপাতালে হাম রোগীদের চিকিৎসা চলছে সেসব প্রতিষ্ঠানের ডাক্তার-নার্সদের ঈদের ছুটি বাতিল করা হয়েছে।

যুক্তরাষ্ট্রে ৮২ জন ইমিগ্রেশন বিচারক নিয়োগ

প্রথম পৃষ্ঠার পর

মোট ইমিগ্রেশন বিচারকের সংখ্যা প্রায় ৭০০-তে পৌঁছেছে। চলতি অর্থবছরে এখন পর্যন্ত ১৫৩ জন স্থায়ী বিচারক নিয়োগ দেওয়া হয়েছে, যা সংস্থার ইতিহাসে এক বছরে সর্বোচ্চ।

টড ব্লাঞ্চ বলেন, প্রশাসন এমন একটি অভিবাসন বিচার ব্যবস্থা গড়ে তুলতে চায়, যা দেশের আইন ও সীমান্ত নিরাপত্তা নীতিকে কার্যকরভাবে বাস্তবায়ন করতে সক্ষম হবে। তিনি নতুন বিচারকদের যোগদানকে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে উল্লেখ করেন।

অভিবাসন আদালতের মামলার জট কমানো বর্তমানে সংস্থাটির অন্যতম প্রধান লক্ষ্য। ইওআইআরের তথ্য অনুযায়ী, ২০২৫ সালের ২০ জানুয়ারির পর থেকে সংস্থাটি ১০ লাখ ৮০ হাজারেরও বেশি মামলা নিষ্পত্তি করেছে।

একই সময়ে আদালতে অপেক্ষমাণ মামলার সংখ্যা প্রায় ৪০ লাখ থেকে কমে ৩৫ লাখ ৩০ হাজারের নিচে নেমে এসেছে। সংস্থাটি বলছে, এটি তাদের ইতিহাসে সবচেয়ে বড় মামলার জট কমানোর ঘটনা।

নিউইয়র্কে রিয়েল এস্টেট-মর্টগেজ সেমিনার





শেষ পৃষ্ঠার পর

সাধারণ সম্পাদক ইমতিয়াজ আহমেদ।

মর্টগেজের কী-নোট স্পিকার ছিলেন ব্যাংকার আরিফুর চৌধুরী এবং ট্যাক্সের কী-নোট স্পিকার ছিলেন কুদরতে এলাহী সহ মোট পাঁচজন আলোচক রিয়েল এস্টেট, মর্টগেজ ও ট্যাক্স প্ল্যানিংয়ের বিভিন্ন দিক তুলে ধরেন।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাকির এইচ চৌধুরী। গেস্ট স্পিকার হিসেবে বক্তব্য রাখেন কাজী আজম, ফিরোজ আহমেদ,এএসএম মাইনুদ্দিন পিন্টু, আল হারুন চেয়ারম্যান, প্রফেসর আজাদ ও আবু সাঈদ চৌধুরী।

অনুষ্ঠানে রিয়েল এস্টেট, মর্টগেজ ও ট্যাক্স প্ল্যানিং বিষয়ে কমিউনিটির নেতৃবৃন্দ সহ অনেকেই বক্তব্য রাখেন।

সেমিনারে জানানো হয়, নিউ ইয়র্ক স্টেটে প্রায় ২৫ শতাংশ বাড়ির মালিক বাংলাদেশি কমিউনিটি এবং এখানে চার হাজারেরও বেশি বাংলাদেশি রিয়েলটর কর্মরত রয়েছেন।

বক্তারা জানান, বাড়ি কিনতে খুব বেশি অর্থের প্রয়োজন না হলেও দীর্ঘমেয়াদি পরিকল্পনা অপরিহার্য। তবে বাড়ি ক্রয়-বিক্রয়ে এখনো উভয় পক্ষের মধ্যে আস্থার ঘাটতি রয়েছে বলে আলোচকরা উল্লেখ করেন।

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

বিশ্বকাপজুড়ে মাঠে থাকবে আইস

প্রথম পৃষ্ঠার পর

“আমাদের কর্মকর্তারা প্রতিদিন মাঠে থাকবেন। তারা জাল টিকিট, মানবপাচার, মাদক চোরাচালান এবং নকল পণ্য বিক্রির বিরুদ্ধে কাজ করবেন।”

তবে তিনি স্পষ্টভাবে উল্লেখ করেননি যে, অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে গ্রেপ্তার অভিযানও চালানো হবে কি না। এ বিষয়টি নিয়ে ইতোমধ্যে বিভিন্ন মহলে উদ্বেগ তৈরি হয়েছে, বিশেষ করে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতির কারণে।

এর আগে বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছিল, আইস বিশ্বকাপের নিরাপত্তা কার্যক্রমে স্থানীয় ও ফেডারেল সংস্থাগুলোকে সহায়তা করার প্রস্তাব দিয়েছে। তবে হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের এক কর্মকর্তা জানিয়েছেন, কর্মকর্তারা দর্শকদের অভিবাসন অবস্থা যাচাই করবেন না। যদিও তাদের গ্রেপ্তার কার্যক্রম থেকে আনুষ্ঠানিকভাবে বিরত রাখার নির্দেশনাও দেওয়া হয়নি।

বিশ্বকাপকে ঘিরে অভিবাসন-সংক্রান্ত উদ্বেগ ফিফার শীর্ষ পর্যায়েও পৌঁছেছিল বলে জানা গেছে। কিছু প্রতিবেদনে বলা হয়েছে, ফিফা কর্মকর্তারা বিশ্বকাপ চলাকালে আইসিই অভিযানে সাময়িক বিরতির অনুরোধ করা যায় কি না, তা নিয়ে আলোচনা করেছিলেন। যদিও এমন কোনো অনুরোধ আনুষ্ঠানিকভাবে করা হয়েছিল কি না, তা নিশ্চিত হওয়া যায়নি।

আগামী ১১ জুন থেকে ১৯ জুলাই পর্যন্ত যুক্তরাষ্ট্র, কানাডা এবং মেক্সিকোর ১৬টি শহরে অনুষ্ঠিত হবে এবারের বিশ্বকাপ। টুর্নামেন্টে ৪৮টি দল অংশ নেবে এবং মোট ১০৪টি ম্যাচ অনুষ্ঠিত হবে। ফিফার তথ্য অনুযায়ী, ইতোমধ্যে প্রায় ৫০ লাখ টিকিট বিক্রি হয়েছে।

কঠোর নীতির গ্যাড়াকলে বৈধ অভিবাসন!

প্রথম পৃষ্ঠার পর

এবং বিদেশে অবস্থান করেই সিদ্ধান্তের জন্য অপেক্ষা করবেন।

এতদিন বহু অভিবাসী “অ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস” প্রক্রিয়ার মাধ্যমে যুক্তরাষ্ট্রের ভেতরে থেকেই গ্রিন কার্ডের আবেদন সম্পন্ন করতে পারতেন। নতুন নির্দেশনায় বলা হয়েছে, এখন থেকে কেবল “বিশেষ বা অসাধারণ পরিস্থিতিতে” এই সুবিধা দেওয়া হতে পারে।

ইউএসসিআইএস এর মুখপাত্র জ্যাক কাহলার বলেন, “এই নীতি অভিবাসন ব্যবস্থাকে আইনের মূল উদ্দেশ্যের সঙ্গে আরও সামঞ্জস্যপূর্ণ করবে এবং দীর্ঘদিনের বিভিন্ন ফাঁকফোকর ও অপব্যবহার কমাতে সহায়তা করবে।”

তবে নতুন এই সিদ্ধান্ত ঘিরে উদ্বেগ তৈরি হয়েছে অভিবাসন আইনজীবী, নীতিনির্ধারণী বিশ্লেষক এবং মানবাধিকার সংগঠনগুলোর মধ্যে। তাদের মতে, এই পরিবর্তন বাস্তবায়িত হলে কয়েক লাখ মানুষের জীবনে সরাসরি প্রভাব পড়তে পারে এবং বহু পরিবার দীর্ঘ সময়ের জন্য বিচ্ছিন্ন হয়ে যেতে পারে।

অভিবাসন বিশ্লেষক সারা পিয়ার্স বলেন, “বিদেশে কনস্যুলার প্রক্রিয়া ইতোমধ্যেই অতিরিক্ত চাপের মধ্যে রয়েছে। এখন বিপুল সংখ্যক আবেদনকারীকে বিদেশে পাঠানো হলে অনেক পরিবারের জন্য এই বিচ্ছিন্নতা দীর্ঘ সময় স্থায়ী হতে পারে।”

বিশেষজ্ঞদের মতে, আমেরিকান নাগরিকদের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ ব্যক্তিরা এ নীতিতে সবচেয়ে বেশি প্রভাবিত হতে পারেন। সরকারি তথ্য অনুযায়ী, ২০২৪ সালে বিবাহের মাধ্যমে গ্রিন কার্ড পাওয়া আবেদনকারীদের ৭০ শতাংশেরও বেশি যুক্তরাষ্ট্রের ভেতরে থেকেই আবেদন প্রক্রিয়া সম্পন্ন করেছিলেন।

শুধু গ্রিন কার্ড নীতিই নয়, ট্রাম্প প্রশাসন বৈধ অভিবাসনের আরও বিভিন্ন ক্ষেত্রেও কড়াকড়ি বাড়ানোর উদ্যোগ নিয়েছে। ইতোমধ্যে ৩৫টির বেশি দেশের নাগরিকদের জন্য নতুন ভ্রমণ বিধিনিষেধের আলোচনা শুরু হয়েছে। পাশাপাশি আন্তর্জাতিক ভিসা লটারির মাধ্যমে বছরে দেওয়া ৫০ হাজারের বেশি ভিসার কার্যক্রম স্থগিত করা হয়েছে বলে জানা গেছে। আরও ৭৫টি দেশের দীর্ঘমেয়াদি অভিবাসন ভিসা প্রক্রিয়াও স্থগিত রয়েছে।

বিশ্লেষকদের মতে, সাম্প্রতিক পদক্ষেপগুলো ইঙ্গিত দিচ্ছে যে প্রশাসন এখন অবৈধ অভিবাসনের পাশাপাশি বৈধ অভিবাসন ব্যবস্থাকেও নতুনভাবে পুনর্গঠন করতে চায়। তবে সমালোচকদের দাবি, এই নীতিগুলো কার্যকর হলে পরিবার বিচ্ছিন্নতা, শ্রমবাজারে চাপ এবং দীর্ঘমেয়াদি আইনি জটিলতা বাড়তে পারে।

অভিবাসন বিশেষজ্ঞ মাইকেল ভ্যালভার্দে বলেন, “এই সিদ্ধান্ত প্রতিবছর লক্ষাধিক পরিবার ও নিয়োগকর্তার পরিকল্পনাকে প্রভাবিত করতে পারে এবং বৈধ অভিবাসন ব্যবস্থার কাঠামোতে বড় পরিবর্তন আনতে পারে।”

যুক্তরাষ্ট্রে ওপিটি জালিয়াতির তদন্ত, নজরদারিতে ১০ হাজার বিদেশি

প্রথম পৃষ্ঠার পর

এর মাধ্যমে শিক্ষার্থীরা তাদের মেজর বা পড়াশোনার সঙ্গে সম্পর্কিত কাজে ১২ থেকে ৩৬ মাস পর্যন্ত বৈধভাবে কাজ করার সুযোগ পান।

আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য জনপ্রিয় এই অপশনাল প্র্যাক্টিক্যাল ট্রেনিং (ওপিটি) কর্মসূচি নিয়ে তদন্ত শুরু করেছে যুক্তরাষ্ট্র। তদন্তে প্রায় ১০ হাজার বিদেশি শিক্ষার্থী ও সংশ্লিষ্ট নিয়োগদাতাদের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ উঠেছে। ফলে যুক্তরাষ্ট্রে পড়াশোনা শেষে কাজের সুযোগ পাওয়া নিয়ে নতুন অনিশ্চয়তা তৈরি হয়েছে। যুক্তরাষ্ট্রের অভিবাসন ও শুল্ক প্রয়োগকারী সংস্থা এই তদন্ত পরিচালনা করছে। সংস্থাটি বলছে, ওপিটি কর্মসূচির মাধ্যমে ব্যাপক জালিয়াতি ও অপব্যবহারের প্রমাণ মিলেছে।

কঠোর অবস্থানে আইসিই

ওপিটি হলো এমন একটি ব্যবস্থা, যার মাধ্যমে এফ-১ স্টুডেন্ট ভিসাধারীরা পড়াশোনা শেষ করে নির্দিষ্ট সময় যুক্তরাষ্ট্রে কাজ করার সুযোগ পান। বিশেষ করে বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিত বিষয়ে পড়া শিক্ষার্থীদের জন্য চাকরি এবং এইচ-১বি ভিসার পথে গুরুত্বপূর্ণ ধাপ হিসেবে বিবেচিত হয়।

তবে আইসিইর ভারপ্রাপ্ত পরিচালক টড লিওনস এই কর্মসূচিকে ‘জালিয়াতির কেন্দ্রবিন্দু’ বলে মন্তব্য করেছেন। তদন্তে দেখা গেছে, অনেক প্রতিষ্ঠানের ঠিকানায় গিয়ে কোনো কার্যক্রমের অস্তিত্ব পাওয়া যায়নি। কোথাও খালি ভবন, কোথাও তালাবদ্ধ অফিস দেখা গেছে। আবার একই ঠিকানায় একাধিক প্রতিষ্ঠানের নাম ব্যবহার করার ঘটনাও ধরা পড়েছে।

এক প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিল প্রায় ৫০০ শিক্ষার্থী

তদন্তকারীরা আরও জানান, কিছু প্রতিষ্ঠানের সঙ্গে শত শত শিক্ষার্থীর নাম যুক্ত থাকলেও বাস্তবে সেখানে কার্যক্রমের প্রমাণ মেলেনি। একটি প্রতিষ্ঠানের দাবি ছিল, সেখানে মাত্র ৩ জন ওপিটি কর্মী রয়েছেন, কিন্তু নথিপত্রে প্রায় ৫০০ শিক্ষার্থীর সংশ্লিষ্টতা পাওয়া যায়। কর্মকর্তারা জানান, প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে প্রশ্ন করা হলে উত্তর যুক্তরাষ্ট্রের বদলে ভারতের যোগাযোগকারীদের কাছে পাঠানো হচ্ছিল।

আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য বাড়ছে অনিশ্চয়তা

বিশ্লেষকদের মতে, এই তদন্ত আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য বড় সতর্কবার্তা হতে পারে। কারণ, সাম্প্রতিক সময়ে প্রযুক্তি খাতসহ বিভিন্ন খাতে চাকরি ছাঁটাই, নিয়োগ কমে যাওয়া এবং ভিসা যাচাই আরও কঠোর হওয়ার প্রবণতা দেখা যাচ্ছে। ফলে যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার পর চাকরির সুযোগ পাওয়া এখন শুধু প্রতিযোগিতার বিষয় নয়, বরং পুরো ব্যবস্থার ভেতরে টিকে থাকাও নতুন চ্যালেঞ্জ হয়ে উঠছে। *তথ্যসূত্র: ইন্ডিয়া টুডে*

যুক্তরাষ্ট্রে ১০ বছরে ৪৭৯ বিলিয়ন ডলার কর

প্রথম পৃষ্ঠার পর

চলমান অভিযান অনেক অভিবাসীকে কর দাখিল থেকে নিরুৎসাহিত করছে।

ভার্জিনিয়াভিত্তিক কর পরামর্শক ডেইজি শ্মিট বলেন, তার প্রতিষ্ঠানের প্রধান গ্রাহক লাতিনো সম্প্রদায়ের মানুষ। কিন্তু চলতি কর মৌসুমে পরিস্থিতি সম্পূর্ণ ভিন্ন ছিল। তিনি জানান, বহু মানুষ ভয়ের কারণে কর দাখিল করতে রাজি হননি।

তার ভাষায়, “অনেকেই বলছেন, যদি আমাকে গ্রেপ্তার বা দেশছাড়া করা হয়, তাহলে কর দেওয়ার কী প্রয়োজন?”

শ্মিটের দাবি, এ বছর তার প্রতিষ্ঠানের গ্রাহক সংখ্যা প্রায় ৭৫ শতাংশ পর্যন্ত কমে গেছে। একই ধরনের অভিজ্ঞতার কথা জানিয়েছেন অন্য কর পরামর্শকরাও।

মেরিল্যান্ড ও ভার্জিনিয়াভিত্তিক কর সেবাদাতা এডগার ভিলাকোর্তা বলেন, তার প্রায় ৩০ থেকে ৪০ শতাংশ নিয়মিত গ্রাহক এবার কর জমা দেননি। তিনি বলেন, “অনেকে মনে করছেন এতে তাদের কোনো লাভ নেই। শিশু কর সুবিধা বাতিল এবং কর তথ্য ভাগাভাগির আলোচনা মানুষের মধ্যে উদ্বেগ তৈরি করেছে।”

বিশেষজ্ঞরা বলছেন, দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রের কর ব্যবস্থা একটি গুরুত্বপূর্ণ নীতির ওপর নির্ভর করেছে– গোপনীয়তা ও আস্থা। বৈধ কাগজপত্র না থাকলেও বহু অভিবাসী কর পরিশোধ করে আসছেন, কারণ তারা মনে করেন এটি তাদের ভবিষ্যতে আইনি অবস্থান বৈধ করার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখতে পারে।

গবেষকদের মতে, যুক্তরাষ্ট্রে বসবাসকারী নথিবিহীন অভিবাসীদের প্রায় অর্ধেক নিয়মিত আয়কর রিটার্ন দাখিল করেন। শুধু ২০২২ সালেই তারা প্রায় ৯৬ দশমিক ৭ বিলিয়ন ডলার কর পরিশোধ করেছেন বলে বিভিন্ন গবেষণায় উঠে এসেছে।

তবে অভিবাসীরা সাধারণত অনেক ধরনের কর সুবিধা থেকে বঞ্চিত থাকেন। ফলে অনেক ক্ষেত্রে তারা মার্কিন নাগরিকদের তুলনায় আয়ের বড় অংশ কর হিসেবে পরিশোধ করেন।

কর নীতি বিশ্লেষক লুইসা গদিনেজ-পুইগ বলেন, “কর ব্যবস্থা অনেকটাই মানুষের বিশ্বাসের ওপর দাঁড়িয়ে আছে। মানুষ চাইলে কর দাখিল না-ও করতে পারে। তাই আস্থা ভেঙে গেলে এর প্রভাব অনেক বড় হতে পারে।”

তার মতে, কয়েক বছর আগেও কর বিভাগের ব্যক্তিগত তথ্য অন্য কোনো সরকারি সংস্থার সঙ্গে ভাগাভাগি করার বিষয়টি কল্পনাতীত ছিল। কিন্তু বর্তমান পরিস্থিতি সেই ধারণা বদলে দিয়েছে।

বিশেষজ্ঞরা আশঙ্কা করছেন, কর দাখিলের হার কমে গেলে তার সরাসরি প্রভাব পড়বে ফেডারেল সরকারের রাজস্ব আয়ে। ইয়েল বিশ্ববিদ্যালয়ের বাজেট বিশ্লেষণ সংস্থার তথ্য অনুযায়ী, আগামী এক দশকে সম্ভাব্য ক্ষতির পরিমাণ ১৪৭ বিলিয়ন থেকে ৪৭৯ বিলিয়ন ডলারে পৌঁছাতে পারে।

আইআরএস আগেই জানিয়েছিল, স্বেচ্ছায় কর পরিশোধের হার মাত্র ১ শতাংশ কমে গেলেও প্রায় ৪৬ বিলিয়ন ডলার রাজস্ব হারানোর আশঙ্কা থাকে।

অভিবাসন অধিকারকর্মীরা বলছেন, নীতিগত এই পরিবর্তনের সবচেয়ে বড় ভুক্তভোগী হতে পারে শিশুদের একটি বড় অংশ। কারণ নতুন নিয়মের ফলে লাখ লাখ শিশু বিভিন্ন আর্থিক সুবিধা হারানোর ঝুঁকিতে রয়েছে।

বিশেষজ্ঞদের মতে, শিশু কর সুবিধা দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রে দারিদ্র্য কমানোর একটি কার্যকর উপায় হিসেবে বিবেচিত হয়ে এসেছে। এটি পরিবারগুলোকে অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখতে সহায়তা করেছে। তবে নতুন নীতির ফলে লাখ লাখ পরিবার আর্থিকভাবে আরও চাপে পড়তে পারে।

মিনেসোটায় ৯০ মিলিয়ন ডলার মেডিকেইড

প্রথম পৃষ্ঠার পর

ঘোষণাও দেওয়া হয়েছে। এ লক্ষ্যে নতুন করে ১৫ জন প্রসিকিউটর নিয়োগ করা হবে।

বিচার বিভাগের তথ্য অনুযায়ী, সবচেয়ে বড় অভিযোগটি আনা হয়েছে অটিজম চিকিৎসা কর্মসূচি ঘিরে। অভিযোগে বলা হয়েছে, দুই ব্যক্তি প্রায় ৪ কোটি ৬৬ লাখ ডলারের জালিয়াতির সঙ্গে জড়িত। তারা অটিজম চিকিৎসা কর্মসূচির আওতায় শিশুদের চিকিৎসার নামে বিপুল অঙ্কের ভুয়া বিল জমা দিয়েছেন। তদন্তে আরও অভিযোগ করা হয়েছে যে, কিছু শিশুকে প্রকৃত চিকিৎসা প্রয়োজন না হলেও অটিজম রোগী হিসেবে চিহ্নিত করা হয়েছিল।

এছাড়া অভিভাবকদের অর্থ বা অন্যান্য সুবিধা দিয়ে শিশুদের নির্দিষ্ট কেন্দ্রে নিয়ে আসার অভিযোগও উঠেছে। এমনকি চিকিৎসা সেবা না দিয়েও সরকারি অর্থ দাবি করা হয়েছে বলে অভিযোগ রয়েছে। কর্মকর্তারা বলছেন, এতে শুধু সরকারি অর্থের ক্ষতিই হয়নি, প্রকৃত চিকিৎসা প্রয়োজন এমন শিশুরাও ক্ষতিগ্রস্ত হয়েছে।

স্বাস্থ্য ও মানবসেবা বিভাগের সেক্রেটারী রবার্ট এফ কেনেডি জুনিয়র এই ঘটনাকে যুক্তরাষ্ট্রের ইতিহাসে “সবচেয়ে বড় অটিজম জালিয়াতি অভিযান” বলে উল্লেখ করেছেন। তিনি বলেন, দুর্বল ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের সুযোগ নিয়ে সরকারি অর্থ আত্মসাৎকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

তদন্তে আরও উঠে এসেছে, প্রতিবন্ধী ও বিশেষ সহায়তার প্রয়োজন এমন ব্যক্তিদের জন্য পরিচালিত অন্যান্য সরকারি কর্মসূচিতেও জালিয়াতি করা হয়েছে। একটি মামলায় অভিযোগ করা হয়েছে, এক ব্যক্তি এমন রোগীদের জন্য বরাদ্দ সেবার বিল করেছেন, যাদের বাস্তবে সেই সেবা দেওয়া হয়নি। অভিযোগ অনুযায়ী, একজন রোগী মৃত্যুবরণ করার পরও তার নামে সেবার বিল দেখানো হয়েছিল।

আরেকটি মামলায় দুই ব্যক্তির বিরুদ্ধে ২ কোটি ২০ লাখ ডলারেরও বেশি জালিয়াতির অভিযোগ আনা হয়েছে। তদন্তকারীরা বলছেন, তারা প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নির্ধারিত আবাসন সুবিধার সুযোগ নিয়ে ভুয়া তথ্য ব্যবহার করেছেন এবং সেসব অর্থ দিয়ে বাড়ি, বিলাসবহুল গাড়ি ও মূল্যবান গয়না কিনেছেন।

ডিপার্টমেন্ট অব জাস্টিস ভারপ্রাপ্ত অ্যাটর্নি জেনারেল টড ব্ল্যাঞ্চ বলেন, “করদাতাদের অর্থ আত্মসাৎ করে যারা সমাজের সবচেয়ে অসহায় মানুষদের ক্ষতিগ্রস্ত করেছে, তাদের জবাবদিহির আওতায় আনা হবে।”

হাজারো নিউইয়র্কার চাকরি

প্রথম পৃষ্ঠার পর

পরিবর্তনের সামনে দাঁড়িয়েও নিউইয়র্ক কার্যত কোনো প্রস্তুতি নিচ্ছে না। আমরা এআই যুগের দিকে ঘুমিয়ে হেঁটে যাচ্ছি।”

প্রতিবেদনে সম্ভাব্য কয়েকটি পরিস্থিতি তুলে ধরা হয়েছে। সবচেয়ে ইতিবাচক পরিস্থিতিতে শেয়ারবাজারে ৯ শতাংশ পর্যন্ত প্রবৃদ্ধি হতে পারে এবং ২০২৫ থেকে ২০৩০ সালের মধ্যে অফিসভিত্তিক চাকরির সুযোগ বছরে ১ শতাংশ বাড়তে পারে।

তবে সবচেয়ে নেতিবাচক পরিস্থিতিতে বেসরকারি খাতে ২০২৭ সালের মধ্যেই প্রায় ১ লাখ ১০ হাজার চাকরি হারানোর আশঙ্কা করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, সবচেয়ে সম্ভাব্য পরিস্থিতিতে এআই মাঝারি মাত্রার অর্থনৈতিক ও কর্মসংস্থান বৃদ্ধি আনতে পারে। সে ক্ষেত্রে ২০২৫ থেকে ২০৩০ সালের মধ্যে প্রতিবছর প্রায় ৫২ হাজার নতুন চাকরি তৈরি হতে পারে। তবে আরেকটি সম্ভাব্য পরিস্থিতিতে প্রযুক্তিটির প্রত্যাশিত সাফল্য না এলে এক বছরের মধ্যে প্রায় ৫২ হাজার ৫০০ চাকরি কমে যেতে পারে।

লেভিন উল্লেখ করেন, নিউইয়র্কের অর্থনীতি মূলত অফিসভিত্তিক ও আর্থিক খাতের ওপর নির্ভরশীল, যেগুলো এআই ব্যবহারে দ্রুত পরিবর্তিত হচ্ছে।

তিনি আরও বলেন, “বিশ্বে খুব কম শহরই আছে, যেগুলো এআইয়ের সম্ভাবনা ও ঝুঁকি দুটোর মুখোমুখি নিউইয়র্কের মতো দাঁড়িয়ে আছে।”

এআইয়ের সম্ভাব্য ঝুঁকি মোকাবিলায় জরুরি তহবিল বৃদ্ধি, পেনশন ব্যবস্থার সংস্কার এবং এআই-নির্ভর সাইবার হুমকি থেকে অবকাঠামো সুরক্ষারও আহ্বান জানিয়েছেন তিনি।

নিউইয়র্কে পৃথকঅগ্নিকাণ্ডে নিহত ৩,

প্রথম পৃষ্ঠার পর

এবং আরও দুজন সামান্য আহত হয়ে হাসপাতালে ভর্তি হন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, ভবনের উপরের তলায় আগুনের সূত্রপাত হয় এবং পরে তা পাশের একটি অ্যাপার্টমেন্টে ছড়িয়ে পড়ে।

এর কয়েক ঘণ্টা পর কুইন্সে আরেকটি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। সকাল সাড়ে ৫টার দিকে আগুন লাগার পর একজন গুরুতর এবং আরেকজন আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি হন। আগুন নিয়ন্ত্রণে কাজ করতে গিয়ে চারজন দমকলকর্মীও সামান্য আহত হন।

পরে সকাল প্রায় ৬টা ৫০ মিনিটে ব্রুকলিনের নস্ট্র্যান্ড অ্যাভিনিউ এলাকায় আরেকটি অগ্নিকাণ্ডে দুইজন নিহত হন। এ ঘটনায় আরও দুইজন গুরুতর হলেও প্রাণহানির আশঙ্কামুক্ত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

প্রতিটি অগ্নিকাণ্ডের কারণ তদন্ত করছে কর্তৃপক্ষ।

এর আগে স্ট্যাটেন আইল্যান্ডে একটি বিস্ফোরণে একজন নিহত এবং ৩০ জনের বেশি আহত হওয়ার ঘটনার পর শহরে অগ্নি নিরাপত্তা নিয়ে নতুন উদ্বেগ তৈরি হয়েছে। দমকল কর্মকর্তারা জানিয়েছেন, ২০২৬ সালে এখন পর্যন্ত অগ্নিকাণ্ডে মৃত্যুর সংখ্যা গত বছরের একই সময়ের তুলনায় ইতোমধ্যে বেড়ে গেছে।

নিউইয়র্কে ৫০ ডলারে বিশ্বকাপ টিকিট

প্রথম পৃষ্ঠার পর

মোট ১ হাজার টিকিট বরাদ্দ রাখা হয়েছে, যেখানে প্রতিটি টিকিটের মূল্য নির্ধারণ করা হয়েছে ৫০ ডলার। মেয়র মামদানি বলেন, “নিউইয়র্কে পাঁচ কাপ কফির দামের সমান।”

প্রতিদিন সর্বোচ্চ ৫০ হাজার মানুষ লটারিতে অংশ নিতে পারবেন। নির্ধারিত সীমা পূরণ হয়ে গেলে ওই দিনের জন্য নিবন্ধন বন্ধ হয়ে যাবে এবং পরদিন আবার নতুন করে চালু হবে। অংশগ্রহণকারীর বয়স কমপক্ষে ১৫ বছর হতে হবে এবং প্রত্যেক ব্যক্তি মাত্র একবার আবেদন করতে পারবেন।

এই কর্মসূচির আওতায় বিশ্বকাপের পাঁচটি গ্রুপ পর্বের ম্যাচ এবং দুটি নকআউট ম্যাচের জন্য টিকিট দেওয়া হবে। প্রতিটি ম্যাচে প্রায় ১৫০টি টিকিট বরাদ্দ থাকবে। তবে ১৯ জুলাইয়ের ফাইনাল ম্যাচের টিকিট এই তালিকায় নেই।

লটারিতে নির্বাচিতদের আগামী ৩ জুন ই-মেইলের মাধ্যমে জানানো হবে। বিজয়ীরা ৪৮ ঘণ্টার মধ্যে সর্বোচ্চ দুটি টিকিট কেনার সুযোগ পাবেন।

শুধু টিকিটই নয়, নির্বাচিত দর্শকদের জন্য ম্যাচ ভেন্যুতে যাতায়াতের জন্য বিনামূল্যে যাতায়াত সেবার ব্যবস্থাও রাখা হয়েছে। টিকিট পুনরায় বিক্রি বা কালোবাজারি ঠেকাতে এগুলো হস্তান্তরযোগ্য হবে না।

মেয়র মামদানি বলেন, “আমরা নিশ্চিত করতে চাই সাধারণ কর্মজীবী মানুষ যেন সেই খেলাটি থেকে বঞ্চিত না হন, যেটি গড়ে তুলতে তারাও ভূমিকা রেখেছেন।”

তিনি আরও বলেন, এই উদ্যোগ শুধু খেলাধুলা নয়, বরং নিউইয়র্কের সাধারণ মানুষের জন্য বড় আয়োজনগুলোকে আরও সহজলভ্য করার প্রচেষ্টার অংশ।



"তোমার কীর্তির চেয়ে তুমি মহান"

শহীদ রাষ্ট্রপতি

জিয়াউর রহমান

বীর উত্তম এর

৪৫তম

শাহাদাৎ বার্ষিকীতে

দোয়া মাহফিল ও খাবার বিতরণ

৩০ মে ২০২৬
30th May 2026

শনিবার বাদ আসর
Saturday at 5:00pm

নবান্ন রেস্টুরেন্ট এর সামনে
In Front of Nabanno Restaurant

উত্তর আমেরিকার দল নিরপেক্ষ সার্বজনীন এই বৃহৎ আয়োজনে সবাই আমন্ত্রিত

| আমন্ত্রণে |

আহ্বায়ক
দেওয়ান মনির

যুগ্ম আহ্বায়ক
শেখ নোমান পলাশ, শামস্ জনি, কাজী আমিনুল ইসলাম স্বপন, রন হক, সেলিম আহমেদ, মানিক বাবু, ইক্তারুজ্জামান রতন

প্রধান সমন্বয়কারী
সারওয়ার খান বাবু

সমন্বয়কারী
রফিকুল ইসলাম ভালিম, শফিউদ্দিন মিয়া, আবদুস সামাদ টিটু, মিজানুর রহমান মিজান, মোঃ মফিজুর রহমান, মিয়া মোঃ দুলাল, ফারুক হোসেন মজুমদার, সাঈদ এ আর ফারুক, জীবন শফিক

সার্বিক তত্ত্বাবধানে
এজাজুল ইসলাম নাঈম

মোঃ গিয়াস উদ্দিন, এ. জেড. এম. জাহাঙ্গীর হাসাইন, শাহিন এইচ চৌধুরী, সুলতান নাসির উদ্দিন রতন, জিয়াউর রহমান টিটু

সদস্য সচিব
আমানত হোসেন আমান

যুগ্ম সদস্য সচিব
আফতাব জনি, এ সিদ্দিক পাটওয়ারী, আল মামুন সবুজ, মনিরুল ইসলাম মনির, জাহাঙ্গীর আলম জয়, মোহাম্মদ রইচ উদ্দিন, ওয়াহিদুজ্জামান নিলু, নূর হোসেন

পৃষ্ঠপোষক ঃ

এম আজিজ (এন ওয়াই হোম কেয়ার), গোল্ডেন এইজ হোম কেয়ার (শাহ নেওয়াজ), গিয়াস আহমেদ (গুড শেফার্ড হোম কেয়ার), বারী হোম কেয়ার (আসেফ বারী টুটুল), এক্সিট রিয়েলটি কন্টিনেন্টাল (জাকির এচ চৌধুরী), আশরাফ চৌধুরী খোকন (ইটার্নাল কেয়ার সার্ভিস ইনক), ফাউমা ইনোভেটিভ (ফাহাদ সোলায়মান), নুরুল আজিম (এমপেয়ার কেয়ার এজেন্সী), ফার্স্ট এইড হোম কেয়ার (ডা. শাহজাদী পারভীন), ডেরা রেস্টুরেন্ট, এর্টনী মঈন চৌধুরী, দুলাল বেহেদু, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, শাহ জে চৌধুরী (শাহ গ্রুপ), হারুন ভূঁইয়া, আব্দুর রহমান বিশ্বাস, তারেক আহমেদ চঞ্চল, বেলাল আহমেদ চৌধুরী (রিয়েলটর), টপ টি (সরদার হক রনি), লিটু চৌধুরী, ইশতিয়াক রুমি, সিগাল কর্পোরেশন (মোহাম্মদ আর হক), রাইজিং রিয়েলটি (মনিরুল ইসলাম), মাকসুদ এইচ চৌধুরী, কামরুজ্জামান কামরুল (খামার বাড়ি), মোহাম্মদ হোসেন বেলাল (বাংলা ট্রাভেলস), ডা. ওলিউর রহমান খান, ডাঃ তৌহিদ শিবলী, মোঃ আলামীন, মির্জা এম জামান, মাসুদ রানা তপন, বাবু (মামা)

কৃতজ্ঞতায় ঃ

জিল্লুর রহমান জিল্লু, জসিম উদ্দিন ভুইয়া, মোস্তফা কামাল পাশা বাবুল, মার্শাল মুরাদ, প্রফেসর দেলওয়ার হোসেন, আবু সাইদ আহমেদ, আবদুস সবুর, জামাল আহমেদ জনি, আনোয়ার হোসেন, কাজী আজম, আনোয়ারুল ইসলাম, মাকসুদ চৌধুরী, ইলিয়াস খান, সাইফুর খান হারুন, এম এ বাতিন, মাওলানা ওয়ালিউল্লাহ্ আতিকুর রহমান, সেলিম রেজা, আহবাব হোসেন খোকন, ইঞ্জিঃ আবু সায়েম, সাইদুর রহমান সাইদ, ফয়েজ আহমেদ চৌধুরী, বদিউল আলম, জাহাঙ্গীর সরোয়ার্দী, ভিপি জসীমউদ্দিন, সোহরাব হোসেন, রেজাউল আজাদ ভূঁইয়া, এবাদ চৌধুরী, রাফেল তালুকদার, শহীদুল ইসলাম, জাবেদ উদ্দিন, রিপন মিয়া, মোঃ মফিজুর রহমান, শাহাদাত হোসেন রাজু, মঞ্জুর মুর্শেদ, ইঞ্জি তুহিন, কাজী সাব্বির, মোঃ সামসুদ্দিন, কামাল উদ্দিন দিপু, রিয়াজ মাহমুদ, সুলতান মাহমুদ খান (এন ওয়াই বাংলা)

সহযোগিতায় ঃ

মীর নিজামুল হক, খাইরুল ইসলাম খোকন, এম ডি আব্দুর রউফ দিপিল, ইফতিয়ার উদ্দিন মাহমুদ, এমডি মতিন, ফারুক, মাহমুদ, ফরহাদ রেজা, এম রহমান, আসাদুল ইসলাম আসাদ, ওয়াসীম খন্দকার, ইফতি খান টিপু, নেহার সিদ্দিকী, আশরাফ উদ্দিন ঠাকুর, মোঃ শামীম চৌধুরী, প্রফেসর রফিকুল ইসলাম, রুহুল আমিন সরকার, বক্সার সেলিম, জে মোল্লা সানি, সৈয়দ এম এ রেজা, গোলাম ফারুক শাহীন, রাফেল তালুকদার, মাজহার রবিন, নাসিম আহমেদ, মোবারক হোসেন সজল, নূর ইসলাম বর্ষন, সৈয়দ এনায়েত আলী, নাজমুল আলম, সৈয়দ এনাম আহমেদ, জাহিদ আহমেদ খান, মাজহারুল ইসলাম জনি, মাহবুবুর রহমান মুকুল, সাইদুর খান ডিউক, কাজী বাবুল, বাবুল জামান, সৈয়দ মাহমুদ বাদশা, আরিফ মল্লিক, রফিকুল ইসলাম, রবিন এইচ চৌধুরী, মোঃ কামাল উদ্দিন, জামান তুহিন, মাজহার রবিন, মাসুদ করিম মিলন, খুলকু রহমান, রাউফুল ইসলাম লিটন, আমজাদ হোসেন, আবুল কালাম, সাইফুল ইসলাম লিটন, ফরিদ খন্দকার, শাহবাজ আহমেদ, মোঃ হুমায়ুন কবির, লাল মিয়া (মহসিন), মশিউর রহমান (বীর মুক্তিযোদ্ধা), হুমায়ুন কবির, হাবিবুর রহমান, মাসুদ রানা, আনোয়ার পলাশ, মোঃ আলী মিলন, হামিদুর রহমান রকি, বাদল মির্জা, মোঃ মোস্তফা, ইঞ্জি. মাঈন উদ্দিন, রাহুল রব, রনি হোসেন, সৈয়দ এ রহমান ফারুক, তোফায়েল আহমেদ, সোহেল আহমেদ।

সভাপতি ঃ শাকিল মিয়া ◀ধন্যবাদান্তে▶ সাধারণ সম্পাদক ঃ মোঃ আলম নমী

JACKSON HEIGHTS BLAKARSHI JHE SINCE: 2003

আয়োজনেঃ জ্যাকসন হাইটস্ এলাকাবাসী, নিউইয়র্ক

নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা









শেষ পৃষ্ঠার পর

বইমেলায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন।

শুক্রবার বিকেল থেকেই বইপ্রেমী, লেখক, পাঠক, শিল্পী ও সংস্কৃতিপ্রেমীদের পদচারণায় মুখর হয়ে ওঠে পুরো বইমেলা প্রাঙ্গণ। চমৎকার রৌদ্রোজ্জ্বল আবহাওয়া যেন উৎসবের আনন্দকে আরও বাড়িয়ে দেয়। সন্ধ্যা ঘনানোর আগেই উপচে পড়া ভিড়ে পরিণত হয় মেলা প্রাঙ্গণ। দেশীয় পোশাকে সজ্জিত প্রবাসী বাঙালিরা পরিবার-পরিজন নিয়ে বইকে কেন্দ্র করে এক অনন্য মিলনমেলায় অংশ নেন।

বাংলাদেশের বিভিন্ন প্রকাশনা প্রতিষ্ঠান থেকে প্রকাশকেরা ইতোমধ্যেই নিউইয়র্কে এসেছেন। যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্য নিউজার্সি, কানেকটিকাট, ম্যাসাচুসেটস, ভার্জিনিয়া, পেনসিলভানিয়া, মেরিল্যান্ড, ফ্লোরিডা এবং দূরবর্তী অঙ্গরাজ্য থেকেও বহু মানুষ বইমেলায় যোগ দিতে এসেছেন। প্রবাসী বাঙালিদের জন্য এটি যেন বইকে কেন্দ্র করে এক বার্ষিক পুনর্মিলনী।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট কথাসাহিত্যিক ও সাংবাদিক ইমদাদুল হক মিলন। প্রধান অতিথি হিসেবে অংশ নেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অর্থনীতিবিদ, শিক্ষাবিদ ও চিন্তাবিদ অধ্যাপক রেহমান সোবহান। তাঁকে প্রদান করা হয় 'মুক্তধারা সুকৃতজ্ঞ সম্মাননা' ও আজীবন সম্মাননা। আয়োজকদের পক্ষ থেকে বলা হয়, বাংলাদেশের অর্থনৈতিক চিন্তা, মুক্তিযুদ্ধের চেতনা এবং বাঙালির বুদ্ধিবৃত্তিক ঐতিহ্যে তাঁর অবদান অসামান্য।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক রওনক জাহান, ফরিদুর রেজা সাগরসহ আরও অনেক বিশিষ্ট ব্যক্তি। এছাড়া বাংলাদেশ, ভারত, যুক্তরাষ্ট্র ও কানাডা থেকে আগত বহু লেখক, কবি, গবেষক ও শিল্পী অনুষ্ঠানে অংশ নেন।

প্রাক-উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয় ঢোলের বাদ্য এবং রবীন্দ্রসংগীতের মধ্য দিয়ে। ছিল আবৃত্তি, সংগীত, নৃত্য ও বিশেষ স্মরণানুষ্ঠান। বাংলা ভাষা ও সংস্কৃতির তিন বিশিষ্ট ব্যক্তিত্ব মহাশ্বেতা দেবী, আবুল কালাম শামসুদ্দিন এবং তপন রায়চৌধুরীর জন্মশতবর্ষ উপলক্ষে তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানানো হয়।

মেলায় অংশ নিয়েছে অনন্যা, ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, প্রথমা প্রকাশন, আহমেদ পাবলিশার্স, ইত্যাদি গ্রন্থ প্রকাশসহ বাংলাদেশ ও কলকাতার বহু খ্যাতিমান প্রকাশনা প্রতিষ্ঠান। নতুন প্রকাশিত বই, গবেষণাগ্রন্থ, প্রবাসভিত্তিক সাহিত্য, শিশু-কিশোর বই এবং বিশ্বসাহিত্যের নানা প্রকাশনা পাঠকদের বিশেষ আকর্ষণের কেন্দ্রবিন্দুতে রয়েছে।

চারদিনব্যাপী এই আন্তর্জাতিক আয়োজনে প্রতিদিন থাকবে বই বিক্রি, নতুন বইয়ের মোড়ক উন্মোচন, সাহিত্য আলোচনা, কবিতা পাঠ, শিশু-কিশোর অনুষ্ঠান, সাংস্কৃতিক পরিবেশনা, লেখক-পাঠক আড্ডা এবং প্রবাসী সংস্কৃতি নিয়ে বিশেষ আলোচনা।

মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারম্যান ডা. জিয়াউদ্দিন আহমেদ জানিয়েছেন, বাংলা সাহিত্য ও বিশ্বসাহিত্যের মধ্যে সেতুবন্ধন গড়ে তোলার পাশাপাশি নতুন প্রজন্মের মধ্যে বাংলা ভাষা ও বইপড়ার সংস্কৃতি ছড়িয়ে দেওয়াই এবারের বইমেলার অন্যতম প্রধান লক্ষ্য।

নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলার অন্যতম পৃষ্ঠপোষক শিল্পপতি গোলাম ফারুক ভূঁইয়া বলেন, দেশ থেকে দূরে থেকেও বাংলাদেশিরা বাংলা বইয়ের টানে এই মেলায় যোগ দেন। সুস্থ সংস্কৃতি ও মননশীলতার বিকাশে এ বইমেলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে বলে তিনি উল্লেখ করেন।

বইয়ের ঘ্রাণ, প্রিয় মুখের হাসি, বাংলা ভাষার আবেগ আর প্রবাসের মাটিতে শেকড়ের টান– সব মিলিয়ে নিউইয়র্কে আবারও প্রমাণ হলো, বাংলা বইয়ের প্রতি ভালোবাসা এখনও অটুট, এখনও প্রাণবন্ত। "যত বই তত প্রাণ" এই উচ্চারণে চারদিনের জন্য যেন প্রবাসের হৃদয়ে গড়ে উঠেছে এক টুকরো বাংলাদেশ।









ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine

সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ডায়াবেটিস
- হাইপারটেনশন
- হাই কোলেষ্টরল, এজমা
- ইকেজি
- বয়স্ক ভেক্সিনেশান
- হজ্ব ভেক্সিনেশান
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন



Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

শয়তানকে বন্ধু নয় শত্রু বানান

জাফর আহমাদ

দুনিয়াতে যারা শয়তানকে বন্ধু হিসাবে গ্রহণ করেছে তারা হাশরের ময়দানে মানুষ আফসোস করবে। তারা কি কি আফসোস করবে তা আল কুরআনে উল্লেখ হয়েছে। নিম্নে এ ধরণের কিছু আফসোস উল্লেখ করা হলো:

এক, আল্লাহ তা'আলা বলেন,"হায়! আমার দুর্ভাগ্য হায়! যদি আমি অমুক লোককে বন্ধু হিসেবে গ্রহণ না করতাম। তার প্ররোচনার কারণে আমার কাছে আসা উপদেশ আমি মানিনি মানুষের জন্য শয়তান বড়ই বিশ্বাসঘাতক প্রমাণিত হয়েছে।"

(সুরা ফুরকান:২৮-২৯)

'শয়তান বড়ই বিশ্বাসঘাতক' এটি কাফেরদের উক্তির একটি অংশ আবার এও হতে পারে যে, তাদের উপর এটি আল্লাহর নিজের উক্ত। আল কুরআনের বিভিন্ন স্থানে শয়তান সম্পর্কে দুনিয়ার মানুষকে সতর্ক করা হয়েছে। এটিও তার একটি সতর্ক বার্তা হতে পারে। অথবা আখিরাতে কাফেরদের আফসোসের একটি অংশও হতে পারে। যেমন আল্লাহ তা'আলা বলেন, "আসলে শয়তান তোমাদের শত্রু, তাই তোমরাও তাকে নিজেদের শত্রুই মনে করো। সেতো নিজের অনুসারীদেরকে নিজের পথে এ জন্য ডাকছে যাতে তারা দোজখীদের অন্তরভুক্ত হয়ে যায়।"*(সুরা ফাতির:৬)* এ দুনিয়ায় যারা শয়তানকে বন্ধু হিসাবে গ্রহণ করেছে, তারা কিয়ামতের দিন আফসোস করে বলবে, যদি আমি অমুক লোককে বন্ধু হিসেবে গ্রহণ না করতাম।

আল্লাহ তা'আলা আরো বলেন,"আর স্মরণ করো, যখন আমি ফেরেশতাদের বললাম, আদমকে সিজদা করো, তখন সবাই করলো কিন্তু ইবলিস করলো না। সে বললো,"আমি কি তাকে নিজদা করবো যাকে তুমি বানিয়েছো মাটি দিয়ে? তারপর সে বললো, দেখোতো ভালো কওে, তুমি যে একে আমার ওপর শ্রেষ্টত্ব দিয়েছো, এ কি এর যোগ্য ছিল? যদি তুমি কিয়ামতের দিন পর্যন্ত অবকাশ দাও তাহলে তার সমস্ত সন্তান সন্ততির মুলোচ্ছেদ করে দেবো, মাত্র সামান্য কজনই আমার হাত থেকে নিস্তার পাবে। আল্লাহ বললেন, ঠিক আছে তুমি যাও, এদের মধ্য থেকে যারাই তোমার অনুসরণ করবে তুমিসহ তাদের সবার জন্য জাহান্নামই হবে পূর্ণ প্রতিদান। তুমি যাকে পারো তোমার দাওয়াতের মাধ্যমে পদস্খলিত করো, তাদের যপর অশ্বারোহী ও পদাতিক বাজিনীর আক্রমণ চালাও, ধন-সম্পদে ও সন্তান-সন্ততিতে তাদের শরীক হয়ে যাও এবং তাদেরকে প্রতিশ্রুতির জালে আটকে ফেলো, আর শয়তানের প্রতিশ্রুতি ধোঁকা ছাড়া আর কিছুই নয়।" *(সুরা বনী ইসরাইল:৬০-৬৪)* এভাবে সারা কুরআনে শয়তানের বিশদ বর্ণনা রয়েছে। এরপরও যারা মানুষের এই প্রকাশ্য শত্রুকে বন্ধু হিসাবে গ্রহণ করে, তাদের ভাগ্যে আসলে খারাপ বন্ধুই জোটেছে। কিয়ামতের দিনে এই বন্ধু তার কোন উপকারে আসবে না। বরং সেদিন তাদেরকে অস্বীকার করবে। সুতরাং সেদিন তারা আফসোস করবে। যেই আফসোস তাদের কোন কাজেই আসবে না।

দুই, আল্লাহ তা'আলা বলেন,"হায়! যদি আমিও তাদের সাথে হতাম তাহলে বিরাট সাফল্য লাভ করতাম।"*(সুরা নিসা:৭৩)*

এই সুরার ৬৯ নং আয়াতে বলা হয়েছে যে, যারা আল্লাহ ও রাসুলের আনুগত্য করবে সে তাদের সহযোগী হবে, যাদেরকে আল্লাহ পুরস্কৃত করেছেন নবী, সিদ্দিক, শহীদ ও সৎকর্মশীলদের মধ্য থেকে। মানুষ যাদের সংগ লাভ করতে পারে তাদের মধ্যে এরা কতই না চমৎকার সংগী।"*(সুরা নিসা:৬৯)* সত্যিকারার্থে দুনিয়ায় যারা এ ধরনের লোকদের সংগ লাভ করবে এবং আখিরাতেও এদের সাথী হয় তারা কতই সৌভাগ্যবান। দুনিয়ায় যাদের অনুভূতি মরে যায় তারাই দুনিয়ার জীবনে অসৎ ও দুশ্চরিত্র লোকদের সাথে জীবন যাপন করেছে। তারা আখিরাতে চরম শাস্তি ভোগ করবে। যে শাস্তির কোন তুলনা হয় না। পক্ষান্তরে যারা উপড়ে উল্লেখিত আল্লাহর নেককার বান্দাদের সাথী ছিল বা তাদের কর্মনীতি ও কর্মপন্থা অনুযায়ী দুনিয়ার জীবন পরচালিত করেছে, তারাই আখিরাতে উল্লেখিত আল্লাহর নেক বান্দাদের সাথে অনাবিল সুখের সাগরে ভাসতে থাকবে। তাদের এ অবস্থাকে আল্লাহ তা'আলা বলেন,"আল্লাহর পক্ষ থেকে পাওয়া এই হচ্ছে প্রকৃত অনুগ্রহ এবং যথার্থ সত্য জানার জন্য একমাত্র আল্লাহর জ্ঞানই যতেষ্ট।"*(সুরা নিসা:৭০)* অসৎ নেতৃত্বাধীন পরিচালিতরা আখিরাতে এহেন অবস্থা দেখে উল্লেখিত আফসোস করবে এবং বলবে, "হায়! যদি আমিও তাদের সাথে হতাম তাহলে বিরাট সাফল্য লাভ করতাম।"

তিন, আল্লাহ তা'আলা বলেন, "সেদিন আসবে, যেদিন প্রত্যেক ব্যক্তি তার কৃতকর্মের ফল সামনে উপস্থিত পাবে, তা ভালো কাজই হোক আর মন্দ কাজ। সেদিন মানুষ কামনা করবে হায়! যদি এই দিন থেকে দূরে অবস্থান করতো! আল্লাহ তোমাদেরকে তাঁর নিজের সত্তার ভয় দেখাচ্ছেন। আর তিনি নিজের বান্দাদের গভীর শুভাকাংখী।"*(সুরা আলে ইমরান:৩০)*

চার, আল্লাহ তা'আলা বলেন, "যে আযাবটি কাছে এসে গেছে সে সম্পর্কে আমি তোমাদের সতর্ক করে দিলাম। যেদিন মানুষ সেসব কিছুই দেখবে যা তার দুটি হাত আগেই পাঠিয়ে দিয়েছে এবং অস্বীকারকারী বলে উঠবে, হায়! আমি যদি মাটি হতাম।"*(সুরা নাবা:৪০)*

পাঁচ, আল্লাহ তা'আলা বলেন, "আর যার আমলনামা তার বাঁ হাতে দেয়া হবে সে বলবে: হায়! আমার আমলনামা যদি আমাকে আদৌ দেয়া না হতো!"*(সুরা:আল হাক্কা:২৫)* সুরা ইনশিকাকে বলা হয়েছে, "আর যাকে পিছন দিক থেকে আমলনামা দেয়া হবে।"*(ইনশিকাক:১০)* সম্ভবত তা হবে এভাবে, অপরাধীর প্রথম থেকে তার অপরাধী হওয়ার বিষয়টি জানা থাকবে। তার আমলনামায় কি আছে তাও ঠিকঠাক তার জানা থাকবে। তাই সে অত্যন্ত অনিচ্ছা সত্ত্বেও বাঁ হাত বাড়িয়ে তা গ্রহণ করবে এবং সংগে সংগেই নিজের পেছনের দিকে লুকিয়ে ফেলবে যাতে কেউ তা দেখতে না পায় এবং সে আফসোস সহকারে বলবে, হাঁ আমার আমলনামা যদি আজ না দেয়া হতো, তবে কতই না ভালো হতে। অর্থাৎ সে আফসোস করবে হাশরের ময়দানে প্রকাশ্যে আমার হাতে এ আমলনামা দিয়ে সবার সামনে লাঞ্জিত ও অপমানিত না করে সরাসরি যে শাস্তি প্রাপ্য তা দিয়ে দিলেই ভালো হতো।

ছয়, "যেদিন তাদের চেহেরা আগুনে ওলট পালট করা হবে তখন তারা বলবে "হায়! যদি আমরা আল্লাহ আনুগত্য করতাম ও রাসুলের আনুগত্য করতাম।"*(সুরা আহযাব:৬৬)* দুনিয়ার জীবনে তারা মূলতঃ আল্লাহ ও তার রাসুলের অনানুগত্য বাদ দিয়ে তাদের বিপদগামী নেতা-নেত্রীদের আনুগত্য করেছিল। যা পরবর্তি আয়াতে তারা ব্যক্ত করেছে। "আরো বলবে," হে আমাদের রব! আমরা আমাদের সরদারদের ও বড়দের আনুগত্য করেছিলাম এবং তারা আমাদের সঠিক পথ থেকে বিচ্যুত করেছে।*(সুরা আহযাব:৬৭)* আখিরাতে বিপদগামী লোকদের নেতা-নেত্রীরা তাদের কর্মীবাহিনীকে অস্বীকার করবে। আল্লাহ তা'আলা বলেন," যখন যে দিনটি আসবে তখন মুত্তাকীরা ছাড়া অবশিষ্ট সব বন্ধুই একে অপরের দুশমন হয়ে যাবে।"*(সুরা যখরুপ:৬৭)* শুধুমাত্র মুত্তাকীদের পারস্পরিক বন্ধুত্ব টিকে থাকবে যা পৃথিবীতে নেকী ও আল্লাহভীতির ওপর প্রতিষ্ঠিত ছিল। অন্য সব বন্ধুত্ব শত্রুতায় রূপান্তরিত হবে। আজ যারা গোমরাহী জুলুম-অত্যাচার এবং গোনাহের কাজে একে অপরের বন্ধু ও সহযোগী কাল কিয়ামতের দিন তারাই একে অপরের প্রতি দোষারোপ করবে এবং নিজেকে রক্ষার প্রচেষ্ঠায় ব্যস্ত হয়ে পড়বে। এ বিষয়েটি কুরআন মাজীদের বিভিন্ন জায়গায় বার বার বলা হয়েছে। যাতে প্রত্যেকটি মানুষ এই পৃথিবীতেই ভালোভাবে ভেবেচিন্তে দেখতে সক্ষম হয় যে, কোন প্রকৃতির লোকদের বন্ধু হওয়া তাদের জন্য কল্যাণকর এবং কোন প্রকৃতির লোকদের বন্ধু হওয়া ধ্বংসকর।

সাত, "জালেমরা সেদিন নিজেদের হাত কামড়াতে থাকবে এবং বলতে থাকবে "হায়! যদি আমি রাসুলের সহযোগী হতাম।"*(সুরা ফুরকান:২৭)* রাসুল সা: যেই জীবন ব্যবস্থা সহকারে প্রেরিত হয়েছেন সেই জীবন ব্যবস্থা প্রতিষ্ঠার আন্দোলনে যদি শরীক হতে পারতাম। তাহলে আজ এই কঠিন পরিস্থিতির সম্মুখীন হতে হতো না।

আট, "যদি তুমি সে সময়ের অবস্থা দেখতে পারতে যখন তাদেরকে জাহান্নামের কিনারে দাঁড় করানো হবে। সে সময় তারা বলবে, "হায়! যদি এমন কোন উপায় হতো যার ফলে আমরা আবার দুনিয়ায় প্রেরিত হতাম তখন আমাদের রবের নিদর্শনগুলোকে মিথ্যা বলতাম না এবং মুমিনদের অন্তর্ভুক্ত হয়ে যেতাম।"*(সুরা আনআম:২৭)* এরা হাশরের মাঠে আফসোস করবে এবং নিজের আঙ্গুল কামড়াতে থাকবে। কিন্তু কিয়ামত এমন একটি দিবসের নাম যেখানে শুধু হিসাবের পালা। সেটি আফসোস, স্বীকৃতি ও অনুধাবনের জায়গা নয়। সুতরাং সেখানে এগুলো তাদের কোন উপকারে আসবে না। বরং আফসোস, স্বীকৃতি ও অনুধাবনের জায়গা হলো, দুনিয়া। দুনিয়াই হলো, আখিরাতের পুঁজি সংগ্রহের জায়গা। অর্থাৎ দুনিয়া উপার্জনের জায়গা আর আখিরাত হিসাব ও ফয়সালার জায়গা।



ভারতে মুসলিমদের ওপর নির্যাতনের প্রতিবাদে নিউইয়র্কে মানববন্ধন



অব বাংলাদেশ, ইনস্টিটিউট ফর গোবাল পলিসি অ্যান্ড ডিপ্লোমেসি এবং ফাউন্ডেশন ফর বেটার ওয়ার্ল্ড।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ফাউন্ডেশন ফর বেটার ওয়ার্ল্ড-এর প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার আব্দুস সোবহান।

সভায় সভাপতিত্ব করেন ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ ইনক. (ডব্লিউএইচআরডি)-এর সভাপতি শাহ শহিদুল হক। তিনি বলেন, "মানবাধিকার লঙ্ঘন, ধর্মীয় বিদ্বেষ ও সংখ্যালঘুদের ওপর সহিংসতা কোনো সভ্য সমাজে গ্রহণযোগ্য হতে পারে না। আমরা আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে জোরালোভাবে আহ্বান জানাই যেন ভারতে সংখ্যালঘু মুসলিমদের নিরাপত্তা ও ন্যায়বিচার নিশ্চিত করা হয়।"

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উই আর দ্য পিপলস-এর জ্যাকব মিল্টন। তিনি বলেন, "জেনোসাইড এবং সিস্টেমেটিক পারসিকিউশন মানবতার বিরুদ্ধে অপরাধ। ধর্ম বা জাতিগত পরিচয় নির্বিশেষে প্রতিটি মানুষ সমান মর্যাদা, সুরক্ষা ও স্বাধীনতার অধিকার রাখে।"

প্যাট্রিয়টস অব বাংলাদেশ-এর আব্দুল কাদের বলেন, "ভারতে মুসলিমদের বিরুদ্ধে ঘৃণা, ভয়ভীতি ও সহিংসতার পরিবেশ আন্তর্জাতিক মানবাধিকার নীতিমালার পরিপন্থী। বিশ্ব বিবেককে আজ জাগ্রত হতে হবে।"

বিশেষ অতিথি প্রফেসর শেখ মিজান বলেন, "ধর্মীয় সহাবস্থান ও মানবিক মূল্যবোধ রক্ষায় আন্তর্জাতিক সমাজের নীরব থাকা উচিত নয়। শান্তি ও ন্যায়বিচারের স্বার্থে মানবতার পক্ষে দাঁড়াতে হবে।"

প্যাট্রিয়টস অব বাংলাদেশ-এর দীপন গাজী বলেন, "ধর্মীয় বিদ্বেষ ও সহিংসতার বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে।"

এছাড়াও উপস্থিত ছিলেন রেজাউল করিম, আবুল বাতেন, করিম টুটুল, আল আমিন, রইচ আলীসহ আরও অনেকে।

অনুষ্ঠানের সমাপনী বক্তব্যে শাহ শহিদুল হক আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা, জাতিসংঘ এবং বিশ্ব নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান যেন মানবাধিকার, ধর্মীয় স্বাধীনতা এবং সংখ্যালঘু নিরাপত্তা নিশ্চিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়। --- প্রেস বিজ্ঞপ্তি

ব্রঙ্কসে হৃদয়ে বাংলাদেশের সভা



শেষ পৃষ্ঠার পর সম্পাদক সৈয়দ ফয়েজের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন উপদেষ্টা আব্দুল মুহিত,সহ-সভাপতি মোশাররফ শিকদার,প্রচার ও প্রকাশনা সম্পাদক শেখ শফিকুর রহমান, সাংগঠনিক সম্পাদক মাহমুদুল হাসান, যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম রব্বানী বেলাল,সাংস্কৃতিক সম্পাদক শারমিন তানিয়া,অর্থ সম্পাদক ফাহমিনা পারভীন প্রমুখ।

সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন আগামী ১৬ই ডিসেম্বর বিজয় দিবসের অনুষ্ঠান জাকজমকপূর্ণ ভাবে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।এবং সম্প্রতি বৈশাখী ও অভিষেক অনুষ্ঠান সাফল্য জনক ভাবে সম্পন্ন করার জন্য সংগঠনের সকল সদস্যদের কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন সংগঠনের সভাপতি সাইদুর রহমান লিংকন।

পরিশেষে উপস্থিত সকলকে আপ্যায়ন করার মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়। --- প্রেস বিজ্ঞপ্তি



সাউথ এশিয়ান আমেরিকান রিয়েলটর অ্যাসোসিয়েশনের নতুন কমিটি

শেষ পৃষ্ঠার পর সোমবার ১১ মে সন্ধ্যা ৭টায় জ্যামাইকার হালাল ডাইনারে এই সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সারার বর্তমান সভাপতি সারওয়ার খান বাবু এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন বর্তমান সাধারণ সম্পাদক মোহাম্মদ বেলাল হোসেন। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে ১৫ জন বোর্ড অব ডিরেক্টর নির্বাচিত করা হয়। উপস্থিত ১৫ জন বোর্ড অব ডিরেক্টর এর সর্বসম্মতিক্রমে ২০২৬-২০২৮ এর কার্যকারী গঠিত হয়। সেই সাথে সংগঠনের ভবিষ্যৎ কর্মপন্থা ও দিক নির্দেশনা বিষয়ে আলোচনা হয়।

কার্যকরী কমিটি নিম্নরূপ: সভাপতি: মোঃ বেলাল হোসেন, সহ-সভাপতি: আবুল ফজল ইসলাম দিদার, সহ-সভাপতিঃ মোঃ কে. আহম্মেদ জসিম, সহ-সভাপতি: মোঃ মাসুদ প্রামানিক, সাধারণ সম্পাদক: নূরুজ্জামান সরদার, সহ-সাধারণ সম্পাদক: মির্জা মোহাম্মদ হোসেন, সহ-সাধারণ সম্পাদক: মোহাম্মদ সেলিম রেজা, কোষাধ্যক্ষ। শামীম নাছের, সাংগঠনিক সম্পাদক: মিজানুর রহমান সাঈদ, মহিলা বিষয়ক সম্পাদিকা আদান ইসলাম, প্রকাশনা সম্পাদক: গোলাম হাসান, প্রচার সম্পাদক। মোঃ আতাউর রহমান, সাংস্কৃতিক সম্পাদক: সেলিম ইব্রাহীম, শিক্ষা বিষয়ক সম্পাদক: ফারহানা এফ, চৌধুরী, সমাজকল্যাণ সম্পাদক সাদমান জামান।

কার্যকারী সদস্য: মোঃ মাসুদ সিরাজী, এইচ.এম ইকবাল, শামীম আহম্মেদ, এমডি সামিউর করিম আলমগীর, মোহাম্মদ এম রহমান, রিয়াদ হোসেন, মোহাম্মদ হাবিব, মোহাম্মদ রহমান সাদি, সুমন রায়, সাবিনা চৌধুরী, শাহরিয়ার আলম, জান্নাতুল মাহিমা, জিনিয়া আকতার, মুনমুন সাহা।

উপদেষ্টা পরিষদ: চীপ এডভাইজার: সারওয়ার খান বাবু, এডভাইজার: মেহের খানজাদা, কাজী বি. আহম্মেদ, জসিম চৌধুরী, মোহাম্মদ চৌধুরী, মোহাম্মদ আর তালুকদার, সাইফুল ইসলাম।

বোর্ড অব ডাইরেক্টর: সারওয়ার খান বাবু, মোঃ বেলাল হোসেন, মোঃ হাবিবুর রহমান, আবুল ফজল ইসলাম দিদার, আসিফ চৌধুরী, মোঃ কে আহম্মেদ জসিম, এমডি আবু চৌধুরী, আদান ইসলাম, মোহাম্মদ মাসুদ প্রামানিক, নূরুজ্জামান সরদার, এইচ.এম ইকবাল, মির্জা মোহাম্মদ হোসাইন, মোহাম্মদ সেলিম রেজা, মোঃ এম. সিরাজী, শামীম নাছের। উপস্থিত ছিলেন সারওয়ার খান বাবু, মোঃ বেলাল হোসেন, আবুল ফজল ইসলাম দিদার, হাবিবুর রহমান, মোহাম্মদ চৌধুরী, মির্জা মোহাম্মদ হোসেন, নূরুজ্জামান সরদার, মাসুদ প্রামানিক, মোহাম্মদ এম. সিরাজী, মিজানুর রহমান সাঈদ, মোহাম্মদ সেলিম রেজা, মোঃ এম রহমান, মোঃ আতাউর রহমান, মোঃ কে. আহম্মেদ জসিম, আদান ইসলাম, সামিউর করিম আলমগীর, সাদমান জামান, এমডি আবু এস. চৌধুরী, ফারহান চৌধুরী, এইচ.এম ইকবাল, শামীম নাছের, আফিস চৌধুরী, শামীম আহম্মেদ। পরিশেষে উপস্থিত সকল সদস্যবৃন্দ নবনির্বাচিত কমিটি পূর্ণাঙ্গ কমিটির কর্মকর্তাদেরকে অভিনন্দন জানান। সংগঠনকে এগিয়ে নেওয়ার জন্য নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক সকল সদস্যদের সহযোগিতা কামনা করেন এবং সদস্যরা সবার সাথে শুভেচ্ছা বিনিময়ে করেন।

নিউইয়র্ক সিটিতে অভিবাসী গ্রেপ্তার ৭০% বৃদ্ধি

গ্রেপ্তারের অর্ধেকেরও বেশি ঘটেছে *শেষ পৃষ্ঠার পর* ম্যানহাটনের ২৬ ফেডারেল প্লাজায় অবস্থিত অভিবাসন আদালতের আশপাশে।

প্রতিবেদনে বলা হয়েছে, এই পরিসংখ্যান নিউইয়র্ক সিটিতে ফেডারেল অভিবাসন কার্যক্রমের দ্রুত বৃদ্ধিকে নির্দেশ করে, যা সিটির অভিবাসী সম্প্রদায়ের ওপর নতুন চাপ সৃষ্টি করেছে।

এই অডিটটি নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানীর প্রশাসনের নির্দেশে পরিচালিত হয়। প্রশাসন বলছে, শহরের স্যাঙ্কচুয়ারি নীতিগুলো শক্তিশালী করা এবং অভিবাসীদের অধিকার রক্ষা করাই এর মূল উদ্দেশ্য।

একই প্রতিবেদনের ভিত্তিতে সিটি প্রশাসন অভিবাসী সুরক্ষা আইন আরও জোরদার করতে নতুন করে দুই ডজনেরও বেশি নীতি পরিবর্তন গ্রহণ করেছে। নতুন নীতিমালায় সিটি সংস্থাগুলোর প্রশিক্ষণ বৃদ্ধি, তথ্য ব্যবস্থাপনা উন্নত করা এবং ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ নিয়ন্ত্রণের নির্দেশনা অন্তর্ভুক্ত রয়েছে।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, শিশু সুরক্ষা সংস্থাকে আদালত-সংক্রান্ত নথি আরও সতর্কভাবে যাচাই করতে বলা হয়েছে, যাতে কোনোভাবেই পরিবারের অভিবাসন-সংক্রান্ত তথ্য ভুলভাবে অন্তর্ভুক্ত না হয়। পাশাপাশি সংশোধনাগার বিভাগকে নির্দিষ্ট কিছু অপরাধে দণ্ডিত বন্দীদের বিষয়ে আইস-কে দৈনিক রিপোর্ট পাঠানো বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে, কারণ এটি আইনি বাধ্যবাধকতা নয় বলে দাবি করা হয়েছে।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, এনওয়াইপিডি সহ সিটির বিভিন্ন সংস্থা হাজার হাজার ফেডারেল অনুরোধ পেলেও বেশিরভাগ ক্ষেত্রেই সাড়া দেয়নি। অনেক ক্ষেত্রে ব্যক্তিগত তথ্য বা নথি চাওয়া হলেও তা প্রত্যাখ্যান করা হয়েছে।

প্রশাসনের দাবি, এই নীতিগত পরিবর্তনের লক্ষ্য হলো সিটির বিদ্যমান স্যাঙ্কচুয়ারি আইন বাস্তবায়ন আরও শক্তিশালী করা এবং অভিবাসী সম্প্রদায়কে ভয়মুক্ত পরিবেশে সুরক্ষা নিশ্চিত করা।

অন্যদিকে প্রতিবেদনে দেখা গেছে, সাম্প্রতিক সময়ে নিউইয়র্ক এলাকায় আইস এর কার্যক্রম ও গ্রেপ্তার উল্লেখযোগ্যভাবে বেড়েছে, যা সিটির বিভিন্ন বিভাগে চাপ সৃষ্টি করেছে। এই পরিস্থিতি মোকাবিলায় আন্তঃসংস্থা সমন্বয় ও প্রশিক্ষণ বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নতুন সুপারিশে শিশু সুরক্ষা, সামাজিক সেবা, হাসপাতাল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ খাতে আলাদা প্রোটোকল তৈরির কথাও বলা হয়েছে, যাতে অভিবাসীদের অধিকার রক্ষা করা যায় এবং ফেডারেল সংস্থার সঙ্গে যোগাযোগে স্বচ্ছতা বজায় থাকে।

কমলগঞ্জ সোসাইটি ইউএস'র নতুন কমিটি

শেষ পৃষ্ঠার পর সাদেক সরওয়ার চৌধুরী নির্বাচিত।

গত ১০ মে রবিবার জ্যাকসন হাইটসের সানাই রেস্টুরেন্টে এক বাৎসরিক সাধারন সভা আয়োজন করা হয়। উক্ত সভায় উপস্থিত সকলের সম্মতিতে ৫ সদস্য বিশিষ্ট সাবজেক্ট কমিটি গঠন করা হয়। সাবজেক্ট কমিটি ২০২৬-২০২৮ সনের জন্য ২১ সদস্য বিশিষ্ট একটি কার্যকরী কমিটি গঠন করে সবার সামনে উপস্থিত করেন এবং এতে কারো আপত্তি না থাকায় সমিতির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান বাবু নবেন্দ্র দত্ত নতুন কমিটিকে শপথ পাঠ করান।

নতুন কার্যকরী কমিটির সদস্যরা হলেন কমলগঞ্জ সোসাইটি ইউএসএ ইনক এর ২০২৬-২০২৮ সনের কার্যকরী কমিটির নেতৃবৃন্দরা হলেন সভাপতি : এম রহমান ফরিদ, সহ-সভাপতি : তুহিন খান সাধারণ সম্পাদক : সাদেক সরওয়ার চৌধুরী, সহ-সাধারন সম্পাদক : এমদাদুর রহমান বুলবুল, কোষাধ্যক্ষ : রিটন সরকার, সাংগঠনিক সম্পাদক : সৈয়দ হাসান তপু, সহ-সাংগঠনিক সম্পাদক : তানবির চৌধুরী সায়মন, দপ্তর সম্পাদক : কাজী মুমিনুর রশীদ, প্রচার সম্পাদক : বেলাল আহমদ, মহিলা বিষয়ক সম্পাদক : ফাতেমা তুজ জুহরা হাসান মুমু, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক : সুরজিত কিশোর দাস চৌধুরী। কার্যকরী সদস্যবৃন্দরা হলেন মাহবুব আলম (রহিমপুর ইউনিয়ন), মাহবুবুর রহমান (পতনউষার ইউনিয়ন), মিটু মিয়া, (মুন্সিবাজার ইউনিয়ন), সৈয়দ আলমগীর হোসেন (সমশেরনগর ইউনিয়ন), সৈয়দ তাইফুর কমলগঞ্জ সদর ইউনিয়ন), রুমন চৌধুরী (কমলগঞ্জ পৌরসভা), মহসিন আহমদ (আলীনগর ইউনিয়ন), ইন্দজিত সিংহ (আদমপুর ইউনিয়ন), সত্যজিত সিংহ (মাদবপুর ইউনিয়ন), শাহিদা রহমান (ইসলামপুর ইউনিয়ন) পরিশেষে সভায় পূর্ববর্তী কমিটিকে ধন্যবাদ জানিয়ে আগের কমিটির লেনদেন এর হিসাব গ্রহন করে নতুন কমিটিকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।--- প্রেস বিজ্ঞপ্তি



ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল পবিত্র ঈদুল আজহার শুভেচ্ছা ও ধন্যবাদ।

আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোনো প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্ট সংক্রান্ত ইউএসসিআইএস'র স্মারকনীতি

ইউএসএ'র নাগরিকত্ব ও ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) গত ২১ মে, ২০২৬ নীতিমালা সংক্রান্ত স্মারক (পিএস) ৬০২-০১৯৯ জারি করেছে। এই ভিসার লক্ষ্য হচ্ছে ইমিগ্রেশন কর্মকর্তা এবং জনগণকে মনে করিয়ে দেওয়া যে, আইএনএ এবং ২৪৫ ধারার অধীনে অ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস কোন অধিকার নয়, এটা একটি প্রশাসনিক সুবিধা দান। এমনকি যেসকল আবেদনকারী যারা সব শর্ত পূরণ করেছে-তাদেরও স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্ট কোন নিশ্চিত অনুমোদন নয়।

এই স্মারক অনুসারে স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্ট একটি বিশেষ ধরণের সুবিধা যার ফলে একজন আবেদনকারী ইউএস-এ ত্যাগ না করেও সাধারণ কনসুলার ইমিগ্রেশন ভিসা প্রক্রিয়াকরণ পদ্ধতি মোকাবেলা না করেই পেতে পারে।

এই স্মারক খুব শক্তিশালী সিগন্যাল যাতে ইউএসসিআইএস আরও স্বাধীনভাবে শর্তপূরণ সত্ত্বেও ৪৮৫ জন আবেদনকারীদের আবেদন খারিজ করে দিতে পারে। যারা ইউএসএ-তে প্যারলে প্রবেশ করেন, ভিসার অতিরিক্ত সময় অবস্থান করেন, অনুমোদন ব্যতিত কাজ করেছেন অথবা ইমিগ্রেশন সংক্রান্ত অন্য কোন সমস্যা থাকলে, তাদের আবেদন বেশি খারিজ হতে পারে।

ব্যাকগ্রাউন্ড ঃ এই স্মারকনীতি (পলিসি মেমোরেন্ডাম) অনেক আগেই প্রবর্তিত হয়েছে-এই লক্ষ্যে যে, সকল শর্তপূরণ করা সত্ত্বেও সকল বিদেশীকেই স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের নিশ্চয়তা দেয়া হয় না। কারণ অধিকাংশই সুবিধাই আবেদনকারীদের অধিকার হয়। এটি ইমিগ্রেশন কর্মকর্তা বা প্রশাসনিক বিভাগের স্বাধীনতার আবেদন গ্রহণ করা বা না করা।

সুপ্রিম কোর্টও নিয়মিতভাবে বলে আসছে যে, স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্ট একটি অনুকম্পার বিষয়। নিম্ন আদালতের সেই একই রকমের অভিমত।

বিশেষভাবে উল্লেখ্য যে, বর্তমানে ট্রাম্প প্রশাসনের সময়ে ইমিগ্রেশন নিয়ে নিয়ম-কানুনের জটিলতা যতটা হচ্ছে, তার চেয়েও গুরুত্বপূর্ণ হচ্ছে, অভিবাসন নিয়ে বিভিন্ন রকম পরীক্ষা- নিরীক্ষা। একেক সময় একেক ঘোষণা আসছে ইউএসসিআইএস থেকে।

নতুন নতুন ধারা-উপধারা যুক্ত হচ্ছে ইমিগ্রেশন নীতির সাথে। নতুন নতুন এসব পরিবর্তন জটিল না হলেও তার সাথে আপডেট থাকা যেমন জরুরী তেমনি জরুরী এসব পরিবর্তন সম্পর্কে সম্যক ধারণা রাখা।

তাই বলা যায় যে, যাদের আবেদন পেন্ডিং আছে এবং যারা নতুন করে আবেদন করবেন তারা যেন কোন ইমিগ্রেশন এ্যাটর্নির সাথে পরামর্শ করে ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়ে সাধারণ ও বিশেষ ধারণা নিয়ে চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করেন। কারণ কোন ভুল সিদ্ধান্ত গ্রহণের ফলে সকল অগ্রযাত্রা ব্যর্থতায় যেন নিমজ্জিত না হয়। এ কারণে- সাধ্য, সাধনা, ধৈর্য ও যথাযথ পরামর্শ বিশেষ প্রয়োজন। যাতে করে সামান্য ভুল বা সামান্য কোন অসাবধানতার কারণে এদেশে অভিবাসন লাভের স্বপ্ন ভঙ্গ যেন না হয়।

গাইডেন্স ঃ তাই যেখানে অভিবাসীরা ইমিগ্র্যান্ট ক্যাটাগরিতে ইমিগ্রেশন স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করবেন তাদের আবেদন নির্ভুল হলেও স্ট্যাটাস এডজাস্টমেন্টের আবেদনকারীর কোন অধিকার নয়। এটা ইমিগ্রেশন কর্মকর্তাদের সম্পূর্ণ স্বাধীনতা-তাদের আবেদন গ্রহণ করা বা না করা। বলা হচ্ছে, আইনসম্মত ইমিগ্র্যান্ট হওয়ার তাৎপর্যপূর্ণ অগ্রাধিকার থাকলেও, ইউএস-এর স্বার্থের বিবেচনায় কোন ইমিগ্র্যান্ট কর্মকর্তা চূড়ান্ত অনুমোদন নাও দিতে পারেন।

জুন ভিসা বুলেটিন ২০২৬

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) মে ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জুন ২০২৬'র পরিবারভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ ঐ তারিখের পূর্বে।

জুন ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে কিছু অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম ● (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা ঃ

সেপ্টেম্বর ০১, ২০১৭।

দ্বিতীয় ● পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ ● (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ

জানুয়ারি ০১, ২০২৫।

বি ● (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের (২১ বছর বা উর্ধ বয়সী), অবিবাহিত পুত্র-কন্যা ঃ সেপ্টেম্বর ২২, ২০১৭।

তৃতীয় ● (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ

ফেব্রুয়ারি ১৫, ২০১২।

চতুর্থ ● (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ

নবেম্বর ০৮, ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সর্বশেষে আমাদের পরামর্শ হচ্ছে, ইমিগ্রেশন বিষয়ে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ এর আগে প্রয়োজন বোধে একজন অভিজ্ঞ, দক্ষ ইমিগ্রেশন এটর্নির সাথে আলোচনা করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

লালন হাসে শূন্যে বসে
সৌরভ জাহাঙ্গীর

'উঞ্চা উঞ্চা পাবত ধরে' খালি পায়ে হাঁটছো যখন হে কাহ্নপা
কাঞ্চি মুখে তোমার কি আর কীর্তন সাজে হরে কৃষ্ণের?
এক যুগ পর হঠাৎ করে লোকাল ট্রেনে এলে যখন রাধানগর
কী আর করা খানিক বসে গতর ভিজাও মাতম দেখে রাধা-কৃষ্ণের

অচিন পাড়ে লালন হাসে শূন্যে বসে।

এক দশকের শ্রেষ্ঠ ভেবে নিজকে নিয়ে
বেশ তো আছো
তিন দশকের গর্তে পড়ে ভাঙবে যে পা
হেলিকপ্টার।

এ যুগের পর আসবে না আর
এ যুগ থাকবে সব দশকে
বিদ্যাপতি কানে কানে কহে বাহে
হায়! কাহ্নকে বলে দে না
লোকাল ট্রেনের জায়গা নেই আর রাধানগর
জেট বোমারু ঘুরে ফিরে
উড়ে বেড়ায়।



বৃষ্টি শেষের বৃষ্টি
শেখর ভট্টাচার্য

তুমুল বৃষ্টি শেষে ঢাল ধোয়া আলোর বানে আকাশ ভেসে যায়,

স্তব্ধতার ছন্দে জানালার পাশে নিঃশব্দে কে যেনো এসে দাঁড়ায়
বৃষ্টি শেষের অলকনন্দা বৃষ্টিতে প্লাবিত হয় হৃদয়ের সতেজ প্রান্তর
স্নিগ্ধতায় সিক্ত চাহনি, মুগ্ধতার ফুল হয়ে হৃদয়ে আবার বৃষ্টি নামায়।

ভর প্রদোষে নৈঃশব্দ ভেঙ্গে কবিতার মতো ঝকঝকে রঙ আলো ছড়ায়
পুরাণের "এথেনা" নয় ছায়ার মতো থাকে সে স্পর্শের সীমানায়
নকশী আদলে হৃদয় তন্ত্রীতে বেণি হয়ে জড়িয়ে থাকে আলোর সুতোয়
হৃদয়ের তটরেখা গন্ধ, স্পর্শ হয়ে ভেসে যায় কী এক অলীক মায়ায়

বৃষ্টি শেষের বৃষ্টি, সায়াহ্নের আলোর রঙে দিগন্তের ছবি এঁকে যায়
জলরঙা বিকেল ভেসে যায়, ভেসে যায় সিদুঁর রঙের মেঘের আভায়,
বৃষ্টি শেষে স্যাঁতস্যাঁতে দিন রোদের শাড়িতে জলজ হাওয়ায় ওড়ে বেড়ায়
জানালার ছায়ার ঠোঁটে ফুল ফোটে আঁচল ওড়ে তার উদাসী হাওয়ায়।



সব চেনা অচেনা
সাজ্জাদুর রহমান

ভালোবাসা গিলে ফেলে অনেক বছর
যায় কিছু অনুগত সময় উপমায়, সজ্জায়।

কুয়াশার চাদর ঠেলে একদিন
বেরিয়ে আসে বুকভাঙা কংক্রিট আয়না
সেই এক জাদুর গোলকধাঁধায়
নড়েচড়ে রোয়া ওঠা জীবনের গাছ!

মূল্যবান অকেজো শেকড়গুলো রসহীন
বোবা এক যাদুঘর সাজানো, প্রদর্শিত

ভাঙা ভাঙা ডালে ডালে বাদুড়ের উৎসব
শত শত ডোরাকাটা চোখের আবডালে ঝরে
ঘড়ির টিকটিক
হাজার পায়ের নিচে শুয়ে থাকে
নির্বাক দোকানঘর, দরদাম। সব চেনা-অচেনা।

আশাবাদের পংক্তি
দীপঙ্কর ইমন

যেখানে ফিরতে চাই তার পথ ভুলে গেছি
ভুল প্রেমে অন্ধ হয়েছে চোখ, নষ্ট জীবন।

একটাই তো জীবন
অথচ ফাল্গুনে পাতার বৃষ্টি দেখতে দেখতেই শেষ হয়ে গেলো!
তারপর অগণতান্ত্রিক অন্ধকার নেমে আসে পৃথিবীর সন্ধ্যায়...
ছা-পোষা কবিতা দেখবে কি আর নতুন পাতা?

তবু তুমি ছিলে বলে,
বসন্ত বানান লিখতে এখনও সাহস পাই।
এখনও আশা করি,
জন্মান্ধ গাছ বদলে যাবে পাতার জন্মান্তরে।

নিভৃতে বহে শ্রাবণের ধারা
সিকানদার কবীর

বারো মাসই আমার শ্রাবণ মাস- আমার কোন পৌষ মাঘ নেই,
নেই ফাগুন চৈত্র- শীত কী বসন্ত
আমি নিজেই শ্রাবণের অমর পঙক্তিমালা- শিরোনাম, সিকানদার কবীর

সারা বছর আমার অন্তরে বহে শ্রাবনের ধারা--
আমি মিশে থাকি পানি ও কাদায়; আমি চাষ করি দুঃখের জমিন-
শোকের ফসল
অন্তরের গহীন গোলায় জমিয়ে রাখি জীবনের যতো চিটা ধান আমার,
আমার বিশ্বাস শুধু জীবনানন্দই নয় সব কবিরই
থাকে এরকম ছোট বড়ো খামার-

আমি আগুনে পুড়ি, আমি নদীতে ডুবি, আমি সাগরে ভাসি,
বারো মাস আমি শ্রাবণের কান্না হয়ে ঝরি
আমি শ্রাবণের কবিতা লিখতে গিয়ে নিজেকে নিজে পড়ি।

আমার আলাদা কোন কবিতা লেখা হয় না শ্রাবণ নিয়ে শ্রাবণ ছাড়া
শ্রাবণ আমার নামের সর্বনাম- আমার দুঃখ ধানের ছড়া
বারো মাস আমার অন্তরে বহে এই শ্রাবণের ধারা।

আমার দৃষ্টির একমাত্র নাম
ইকবাল খান

পৃথিবীতে তোমাকে ছাড়া আর কাউকে দেখি না,
যেদিকে তাকাই দেখি শুধু তোমারই মুখ।
সব রং ফিকে হয়, সব আলো ম্লান হয়ে যায়,
যখন তুমি থাকো না, সময়ও থেমে যায়।
রাস্তাগুলোও যেন নাম ধরে তোমায় খোঁজে,
হাওয়ার ভেতরেও তোমারই অস্তিত্ব ভাসে।
চোখের পাতায় তোমারই ছবি আঁকা থাকে,
ঘুমের মধ্যেও তুমি স্বপ্ন হয়ে জাগো।
তুমি ছাড়া এই শহরটা হয়ে যায় অচেনা,
মানুষের ভিড়েও আমি একা হয়ে যাই।
কথার ভেতরেও শুধু তোমাকেই পাই,
নিঃশব্দতাও তোমার নামেই কাঁদে।
ফিরে এসো, যদি কখনো পথ হারাও,
আমার শূন্য পৃথিবীটা আবার পূর্ণ করে দাও।



মাসজিদ নামিরাহ

মসজিদ সংলগ্ন মাঠে

ঈদ-উল-আযহা-এর

খোলা আকাশের নিচে

বিশাল জামা'য়াত

EID UL ADHA JAMA'AT

2026

EID AL-ADHA Mubarak

ঈদ মুবারক

Place:

35-35, 71st, Jackson Heights, NY 11372

27th MAY WEDNESDAY

8:00 AM

In case of bad weather, two Jama'at will be held at

MUNA Center of Jackson Hights

35-35, 71st, Jackson Heights, NY 11372

1st JAMA'AT 7:30 AM মুনা ঈদগাহ

2nd JAMA'AT 9:00 AM মুনা ঈদগাহ

সকলে সাদরে আমন্ত্রিত

Arrangement for Sisters

MUNA Center of Jackson Hights

মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটস্

Info : 973- 706-4516, 917-324-6811, 347-968-8626, 646-436-6830

SOUTH ASIAN AMERICAN REALTOR ASSOCIATION (SAARA)

94-12 215 Pl, Queens Village, NY 11428, E-mail: saaranov2024@gmail.com, Phone : 347-468-0981 | 347-665-7580 | 516-288-8881

Executive Committee 2026-2028



Mohammad Belal Hossain
President



Nuruzzaman Sardar
General Secretary



Abul Fazal Islam
Vice President



Md. K Ahmed
Vice President



Masud M Paramanik
Vice President



Mohammad H Mirza
Joint Secretary



Mohammad S Reza
Joint Secretary



Shamim Naser
Treasurer



Mizanur Rahman
Organizing Secretary



Adan Islam
Women Secretary



Golam Hasan
Publication Secretary



Ataur Rahman
Publicity Secretary



Salim Ibrahim
Cultural Secretary



Farhana F Chowdhury
Education Secretary



Sadman Zaman
Social Welfare



Md. Masud Sirazi
Member



H.M. Iqbal
Member



Shamim Ahmed
Member



Md. Samiul K Alamgir
Member



Md. M Rahman
Member



Riyad Hossain
Member



Md. Habib
Member



Md. Rahman Sadi
Member



Sumon Roy
Member



Sabina Chowdhury
Member



Shaharia Alam
Member



Jannatul Mohima
Member



Zineah Akter
Member



Munmun Shaha
Member

Advisory Board



Sarwor Khan Babu
Chief Advisor



Meher Khanzada
Advisor



Kazi B Ahmed
Advisor



Jashim Chowdhury
Advisor



Mohammad Chowdhury
Advisor



Mohammed Talukder
Advisor



Md. Saiful Islam
Advisor

নিউইয়র্কে বিএসপির "পার্সোনাল ফাইন্যান্স সেমিনার"





শেষ পৃষ্ঠার পর মোস্তাফিজুর চৌধুরী। বিশেষ অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন নিউ ইয়র্ক লাইফ ইন্স্যুরেন্সের ড. বেনসন নজোকু। আলোচনায় ব্যক্তিগত অর্থব্যবস্থা, দীর্ঘমেয়াদি বিনিয়োগ, অবসর পরিকল্পনা এবং প্রজন্মভিত্তিক সম্পদ গঠনের বিভিন্ন বাস্তবধর্মী বিষয় তুলে ধরা হয়। স্বল্পমেয়াদি লাভের চেয়ে দীর্ঘমেয়াদি পরিকল্পিত বিনিয়োগই আর্থিক সফলতার মূল চাবিকাঠি। ধৈর্য, নিয়মিত সঞ্চয়, ধারাবাহিক বিনিয়োগ এবং সঠিক আর্থিক শিক্ষা একজন মানুষকে ভবিষ্যতে শক্তিশালী আর্থিক অবস্থানে পৌঁছে দিতে পারে। সেমিনারে ৪০১(কে), ট্রাডিশনাল আইআরএ, রথ আইআরএ, এমপ্লয়ার ম্যাচিং, ইনডেক্স ফান্ড এবং কম্পাউন্ড গ্রোথ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিএসপি ভবিষ্যতেও এ ধরনের শিক্ষামূলক ও কমিউনিটি-ভিত্তিক উদ্যোগ অব্যাহত রাখবে বলে আয়োজকরা জানান। এছাড়া বাংলাদেশী কমিউনিটিতে বিশেষ অবদান রাখার জন্যে বিশিষ্ট কমিউনিটি এক্টিভিস্ট এবং টেকনোলজি লিডার মিজান চৌধুরীকে বিএসপি লিডারশিপ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাস্টিস সোমা সায়ীদ, আনিসুল কবির জার্সির, শেকিল চৌধুরী, দীপঙ্কর দাস, আব্দুল মতিন, দিলওয়ার হোসাইন, আহাদ জামান রনি, মমতা জামান, ডাঃ আব্দুল মোহাইমিন সাইমন, হাসান সিদ্দিক, রাহাত আলম প্রমুখ।--- প্রেস বিজ্ঞপ্তি









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

